আর আজমল আমীর কাসাবের যে বহুলপ্রচারিত চিত্র দেখানো হয় তাও ভারতীয় গোয়েন্দা সংস্থা আই. বির (ইন্টেলিজেন্স ব্যুরো) বানানো । আই. বি মুম্বাই হামলার পরে স্টেশনে কাসাবকে নিয়ে গিয়ে ফোটোগ্রাফার দিয়ে চিত্রটি বানিয়ে প্রচার করেছে । মুম্বাই মিরর পত্রিকার ফটোগ্রাফার সেবাস্টিয়ন ডিসোজার দাবী অনুযায়ী সি. এস. টির উপনগরীয় অংশে এই ছবি তোলা হয় এবং মুম্বাই মিরর পত্রিকার ২৭ নভেম্বর ২০০৮ সালে তা ছাপা হয় অর্থাৎ ঘটনার পরের দিন ছবি তোলা হয় এবং এই ছবি প্রায় সব পত্রিকায় ছাপা হয় । এবং সেই ছবিটার জন্য দাবী করা হয় যে সেটা ঘটনাস্থলে সি. সি. টি. ভি দ্বারা উদ্ধার করা হয়েছে । ক্যামেরাম্যান সেবাস্টিয়ন ডিসোজার তোলা কাসাবের ছবি আর সি. সি. টি. ভি দ্বারা উদ্ধার করা ছবি কিভাবে একই রকম হয়ে গেল ? এবং কিভাবে একই রকম এঙ্গেল, একই রকম ব্যাকগ্রাউন্ডের হয়ে গেল ? দৈনিক মারাঠী পত্রিকার, পুনার সংখ্যায় ২৮ নভেম্বর ২০০৮ সালে যখন কাসাবের এই চিত্র প্রকাশিত হয় তখন সি. সি. টি. ভির হাওয়ালা দেওয়া হয় । এছাড়াও চিত্রের গ্রহণযোগ্যতার ব্যাপারে যান্ত্রিক বিশেষজ্ঞরা গভীর সন্দেহ প্রকাশ করেছেন । রাষ্ট্রিয় সাহারা, ৫ জানুয়ারী ২০০৯ সালের একটি সংখ্যায় বলা হয়েছে যে কাসাবের এই চিত্র বানানো মনে হচ্ছে কেননা সি. এস. টি যেরকম ট্রেন স্টেশনের এঙ্গেল অনেক ছোট, অথচ এই এঙ্গেল বড় হওয়া উচিৎ ছিল এবং উঁচু জায়গা থেকে শুট করার কথা ছিল ।

২৮ নভেম্বর ২০০৮ সালের একটি সংখ্যায় ডি. এন. এ এর রিপোর্টে প্রকাশিত হয়েছে যে, "স্টেশনে লাগানো সি. সি. টি. ভি ক্যামেরা দুইজন সন্ত্রাসবাদীর ছবি তুলেছে পরে বোঝা যায় যে সেই দুটি চিত্র আজমল আমীর কাসাব এবং আবু ডেরা ইসমাইল খান ।" এই কথাটা কি সত্যি ? যদি তাই হয় তাহলে ফুটেজ কোথায় ?

'দ্য টাইমস অফ ইন্ডিয়া'র পুনা সংখ্যার ২৯ নভেম্বর ২০০৮ সালের একটি সংখ্যায় আজমল আমীর কাসাবের ছবি দেওয়া হয়েছে তাতে ফোটোগ্রাফারের কোন নাম নেই । ছবি দেখে বোঝা যাচ্ছে যে ছবিটি ৩০ থেকে ৪০ ডিগ্রি কোন হিসাবে নেওয়া হয়েছে । এটা কি করে সম্ভব যে সময় সন্ত্রাসবাদীরা পাগলের মতো চোখ বন্ধ করে গুলি চালাচ্ছে সেই সময় সেই ফোটোগ্রাফারকে জীবিত ছেড়ে দেবে তাতেও আবার যে এরকম এঙ্গেলে, জুম (Zoom) করে ছবি তুলছে ?

সামনে থেকে এবং উঁচু থেকে তোলা আর একটি কাসাবের চিত্র টাইমসের দৈনিক মারাঠী মাহারাষ্ট্র টাইমস এর ২৭ নভেম্বর ২০০৮ সালে অর্থাৎ ঘটনার ঠিক পরের দিন ছাপা হয় এবং বলা হয় যে এই চিত্র 'টাইমস অফ ইন্ডিয়া'র ক্যামেরাম্যান শ্রীরাম বেরনেকে তুলেছেন । কিন্তু সেই দিনই সেই চিত্রটাই মারাঠী দৈনিক লোকমত, মুম্বাই থেকে ছাপা হয় । তাহলে প্রতিদ্বন্দির সময় একটাই চিত্র ক্যামারাম্যান কেন নিজের পত্রিকার সাথে অন্য পত্রিকাকেও তাঁর তোলা ছবি ছাপতে দিলেন ?

দ্বিতীয় সন্ত্রাসবাদী (ইসমাইল খান) এর চিত্র পুনে মিরর এর ৩ ডিসেম্বর ২০০৮ সালে প্রকাশিত হয় কিন্তু ফটোগ্রাফারের কোন নাম নেই ।

সুতরাং ২৬/১১ এর সময় আজমল আমীর কাসাবকে যেরকম বলীর পাঁঠা বানানো হয়েছে এবং গোয়েন্দা বিভাগ হেমন্ত কারকারেকে হত্যা করে নিদের দোষ ঝাড়ার জন্য কাসাবকে ফাঁসিয়েছে তার কাহিনী পুর্নাঙ্গ করার জন্য কাসাবের চিত্রও তারা বানিয়ে প্রচার করে অপরাধ মুক্ত হবার চেষ্টা করেছে ।

মুম্বাই হামলা ভারতের ইতিহাসের একটি কালো অধ্যায়

নিঃসন্দেহে সন্ত্রাসবাদীদের দ্বারা ২৬/১১ এর মুম্বাই হামলা ভারতের ইতিহাসের একটি কালো অধ্যায় । পাকিস্তানের সন্ত্রাসবাদী ও ভারতের গোয়েন্দা বিভাগ আই. বি'র সহযোগিতায় ভারতীয় ব্রাম্ভন্যবাদী সন্ত্রাসীরা একসঙ্গে এই হামলা করে । তবে আই. বি' ও ব্রাম্ভন্যবাদীরা পাকিস্তান দ্বারা এই হামলার সুযোগের অপেক্ষায় ছিল যাতে সুবিধা বুঝে হামলার সময় ময়দানে ঝাঁপিয়ে পড়ে হেমন্ত কারকারেকে হত্যা করতে পারে এবং এর দায় পাকিস্তানের উপর পড়ে । যেহেতু কারকারে ভারতের ব্রাম্ভন্যবাদীদের সন্ত্রাসবাদী কার্যকলাপের রহস্য ফাঁস করে দিয়েছিলেন । তদন্ত যাতে আর আগে যাতে এগোতে না পারে সেজন্য ব্রাম্ভন্যবাদীরা কারকারেকে হত্যা করে নিজেদের রাস্তা পরিস্কার করতে চেয়েছিল এবং এতে তারা অনেকটাই সফলও হয়েছে ।

এই হামলায় ১৪৮ জন্য ভারতীয় এবং ২৬ জন বিদেশী মারা যায় । যেসব বিদেশী মারা যায় তাদের তালিকা নিচে দেওয়া হল,

নাম	দেশ
ব্রেট গিলবার্ট টেলর	অষ্ট্রেলিয়া
মাইকেল স্টুয়ার্ট মস	কানাডা
জুগরান হেডরিজ রোডলফ	জার্মান
স্টিফ ড্যাপেন	জার্মান
এলিযাবেথ রাসেল	কানাডা
আন্দাস ডুয়ান টেভেনা	ইউ. কে
টি. সুডা দে লাসী	জাপান
অ্যান্টিনো দে ল'রেন্জা	ইতালী
গিরাহা কানমানি অ্যলিয়াস জিনা	থাইলেন্ড
এলান মাইকেল সেয়ার	আমেরিকা
হেলেন কলোনী/নোয়ামিলিয়া স্কের	আমেরিকা
লোক্যু মাইকেল কুডেডান	সিঙ্গাপুর
সান্দিপ জয়সওয়াল	আমেরিকা
রাবাকা গুবিয়াম ভোল্টকি	ইসরাইল
রুবাই গ্র্যাবিয়াল ভোল্টাসী	ইসরাইল
বেন জিয়াম সিরোমান	ইসরাইল
ডগলাস জাস্টিন মার্কেল	অষ্ট্রেলিয়া
চেতিলাল মুনিষ	মরিসাস
জারা বারবারা	নেদারল্যান্ড
টিটাল বো অ্যারি	ইসরাইল
নোমি রুবি নিয়াম	ইউ. এস. এ
ইয়াকেভেদ মসো ওয়ার্পেজ	ইসরাইল
হেমা কাসি পিল্লাই	মালেশিয়ান
বুর্কিও রাল্পস	জার্মান
মুরাদ আমার্সে	ফ্রেন্চ
লুমিয়া আমার্সে	ফ্রেন্চ

যেসব স্থানে যাদের মৃত্যু হয় তাদের তালিকা,

স্থান	মৃতের সংখ্যা
ছত্রপতি শিবাজী রেলওয়া টার্মিনাস	৫৬
ক্যাফে লিওপোল্ড	১০
তাজ হোটেল	৩৬
ওবেরয় ট্রিডেন্ট হোটেল	৩২
নারিমান হাউস	৬
কামা হাসপাতাল	৮
ভিল্লি পার্লের ট্যাক্সি ব্লাষ্ট	২
উইডি বার্নারে ট্যাক্সি ব্লাষ্ট	৩

সি. এস. টিতে যেসব লোক মারা গেছিল তাদের ৪৬ জনের মধ্যে ২২ জন মুসলমান ছিল । এই মুসলমানদেরকে কে মেরেছিল ? আই. দ্বারা যে ২ জন সন্ত্রাসবাদী কারকারেকে হত্যা করতে গিয়েছিল সেই ২ জন ব্রাম্ভন্যবাদী সন্ত্রাসী ২২ জন মুসলমানকে হত্যা করেছিল । কাসাবের ব্যাপারে দ্য টাইমস অফ ইন্ডিয়া ২৯ নভেম্বর ২০০৮ সালে রিপোর্টে বলা হয়েছে যে, "তাকে চোখ বন্ধ করে বিদেশীদের হত্যা করতে বলা হয়েছে এবং মুসলমানদের বাঁচাতে বলা হয়েছে ।"

পত্রিকার সেই সংখ্যাতেই বলা হয়েছে যে আব্বাস আনসারী এবং তার স্ত্রী এবং তার পরিবারের অন্যান্য চারজনকে সি. এস. টিতে গুলি করে হত্যা করে, তারা ইদের জন্য বাড়ি ফিরছিল । এবং সি. এস. টিতে মৃতদের মধ্যে ৪০ শতাংস মুসলমান ছিল । দ্য টাইমস অফ ইন্ডিয়া পত্রিকার ৩ ডিসেম্বর ২০০৮ সালের একটি সংখ্যায় বলা হয়েছে যে, "গত বুধবার টার্মিনাল স্টেশানে সন্ত্রাস সৃষ্টিকারী বন্দুকধারীরা চোখ বন্ধ করে গোলাবারীতে ২২ জন নিরীহ মুসলমানকে মৃত্যুর ওপারে পাঠিয়ে দেয় । সন্ত্রাসবাদীরা যাত্রী এবং রেলওয়ে পুলিশ জোয়ান সহ মোট ৫৮ জনকে হত্যা করে ।"

পরে বোঝা যায় যে সি. এস. টিতে ৫৮ জন নয় ৫২ জন মারা গেছিল এবং তাদের মধ্যে ছয়জন পুলিশ ছিল অথবা অন্য কর্মচারী, সুতরাং সি. এস. টি ঘটনায় সাধারন মানুষ ছিল ৪৬ জন তাতে ২২ মুসলমান অর্থাৎ ৪৮ শতাংস মুসলমান ছিল । সেসব মুসলমানদেরকে দেখেই বোঝা যায় যে তারা মুসলমান কেননা, তাদের মুখে দাড়ি ছিল এবং মাথায় টুপি ছিল এবং মহিলারা বোরকা পরে ছিলেন । সুতরাং সি. এস. টি স্টেশনে সন্ত্রাসবাদীরা জেহাদী কোনক্রমেই হতে পরে না কেননা আগের রিপোর্টে বলা হয়েছে যে জিহাদীদেরকে (কাসাব) হুকুম দেওয়া হয়েছিল যে চোখ বন্ধ করে বিদেশীদেরকে গুলি মারতে এবং মুসলমানদেরকে বাঁচাতে ।

হাসপাতালে যেসব সন্ত্রাসবাদীরা প্রবেশ করেছিল তারা স্বচ্ছন্দে মারাঠী ভাষায় কথা বলছিল । যেমন, মহারাষ্ট্রে 'দ্য টাইমস অফ ইন্ডিয়া'র, ২৮ নভেম্বর ২০০৮ সালের একটি সংখ্যার প্রকাশিত হয়েছে যে, "হাসপাতালে প্রবেশকারী সন্ত্রাসবাদীরা সেখানকার দুইজন ওয়াচম্যানকে হত্যা করে এবং তারপর উর্দীবিহীন দাঁড়ানো তৃতীয় কর্মচারীকে স্বচ্ছন্দ মারাঠী ভাষায় প্রশ্ন করে যে, 'তুমি কি এখানে কাজ করো ?' কর্মচারীরা সন্ত্রাসবাদীদের পায়ে ধরে বলে যে, 'আমি এখানে কাজ করিনা, হার্ট অ্যাটাকের জন্য আমার স্ত্রীকে এখানে ভর্তী করেছি ।' তারা ধমক দিয়ে বলে যে, 'তুমি সত্য কথা বলছো তো ?' সেই ব্যাক্তি জবাব দেয়, 'আমি সত্য কথা বলছি, মায়েক দিব্যি ।' তারপর তাকে ছেড়ে দেওয়া হয় ।"

পত্রিকায় এর পরেই বলা হয়েছে যে সন্ত্রাসবাদীরা অতিরিক্ত পুলিশ অশোক কামটে, এটিএস প্রধান হেমন্ত কারকারে এবং বিজয় সালেস্করকে গুলি করে হত্যা করে ।

এখানে স্পষ্ট যে পাকিস্তানের সন্ত্রাসবাদীরা মারাঠী জানে না তাহলে হেমন্ত কারকারেকে হাসপাতানে যার গুলি করে হত্যা করল তারা মারাঠী ভাষায় কথা বলল কি করে ? পাকিস্তানের ভাষা হল উর্দূ এবং পাঞ্জাবী । তারা মারাঠী ভাষা জানে না । মারাঠী কেবল মহারাষ্ট্রের মানুষই বলতে পারে । সুতরাং হেমন্ত কারকারেকে যারা হত্যা করেছে তারা মহারাষ্ট্রের বাসিন্দা । পাকিস্তানের নয় । আগেই বলেছি যে যেহেতু কারকারে ব্রাম্ভন্যবাদী সন্ত্রাসীদের বিরুদ্ধে তিনি যে পদক্ষেপ নিয়েছিলেন তা বানচাল করার জন্যই তাকে ব্রাম্ভন্যবাদীরা হত্যা করে । এর আগেও বলেছি যে হেমন্ত কারকাকেকে ব্রাম্ভন্যবাদীরা ফোন করে হত্যার হুমকী দেয় যা তিনি কংগ্রেস নেতা দিগ্বিজয় সিংকে ফোন করে বলেন এবং দিগ্বিজয় সিং সংবাদ মাধ্যমকে তার প্রমানও দেন ।

মুম্বাই হামলার সময় সন্ত্রাসবাদীরা যে সিম কার্ড ব্যাবহার করেছিল তা মহারারাষ্ট্রের সাতারা জেলার সঙ্গে সম্পর্কিত ছিল । ২৬ নভেম্বরে সি. এস. টি তে পুলিশের সঙ্গে সন্ত্রাসবাদীদের যখন মারামারি হয় তখন সন্ত্রাসবাদীমধ্য মধ্যে একজনের মোবাইল নিচে পড়ে যায় । যখন পুলিশ তা কব্জ করে নেই এবং তদন্ত করে তখন দেখা যায় যে সন্ত্রাসবাদীরা এই ফোনের মাধ্যমে যোগাযোগ করার চেষ্টা করে এবং এর সিম কার্ড সাতারা জেলার একজন ব্যাক্তির নামে ছিল । সি. এস. টি তে পাওয়া BSNL এর আর একটি সিম কার্ডও সাতারা জেলার একজন মহিলার নামে ছিল ।

সুতরাং এর দ্বারা বোঝা যায় যে সি. এস. টি তে হামলাকারী সন্ত্রাসবাদীরা আজমল আমীর কাসাব ও ইসমাইল খান ছিলেন না বরং সাতারা জেলার সিমকার্ড ব্যাবাহারকারী ব্যাক্তিদের মধ্যে কোন একজন ছিলেন যারা সম্ভবত মহারাষ্ট্রের ছিলেন । অভিযোগ পত্রে দুটি মোবাইল ফোনকে যা পুলিশ কব্জায় করেছিল তা তোলা হয় নি কারণ এই হামলার মুল মাস্টারমাইন্ড আই. বি ও মুম্বাই ক্রাইম ব্রাঞ্চ জানত যে অভিযোগপত্রে এই দুটি মোবাইল অভিযোগ যদি তোলা যায় তাহলে তাদের মনগড়া কাহিনীর রহস্য ফাঁস হয়ে যাবে ।

এবং এটাও বাস্তব যে সেই ২৮৪ ফোনের মধ্যে আজমল আমীর কাসাব ও ইসমাইল খানের কাছে একটাও ফোন আসেনি । সংবাদপত্রে বলা হয়েছে, "৫৮ ঘন্টার ঘেরাবন্দীর সময়ে বন্দুকধারীদের কাছে মোট ২৮৪টি ফোন আসে । তার মধ্যে ৪১টি ফোন তাজ হোটেলের বন্দুকধারীদের কাছে আসে এবং পাকিস্তানের তাদের প্রভূদের মধ্যে তা সীমাবদ্ধ থাকে ।" (দ্য টাইমস অফ ইন্ডিয়া, ১২ জানুয়ারী, ২০০৯, মুম্বাই অপরাধ শাখা ও আই. বি'র সূত্র অনুযায়ী)

সংবাদ পত্রে আরও বলা হয়েছে যে, "ওবেরয় এবং ট্রাইডেন্ট হোটেলের সন্ত্রাসবাদীদের কাছে ৬২টি ফোন আসে । অপরদিকে নরীমান হাউসসের বন্দুকধারীদের কাছে ১৮১টি ফোন আসে ।" (ঐ পত্রিকা)

অপরদিকে সি. এস. টি র উপর হামলাকারীদের কাছে অর্থাৎ হেমন্ত কারকারেরকে যারা হত্যা করেছে তাদের কাছে একটাও ফোন আসেনি । সুতরাং আজমল আমীর কাসাব ও

ইসমাইল খান পাকিস্তানের যেসব সন্ত্রাসীরা মচ্ছিমার কলোনী হয়ে বোটে করে সাউথ মুম্বাইয়ে পৌঁছেছিল তাদের দলের ছিল না । কারণ, কাসাবকে ২০০৬ সালে নেপালর কাঠমান্ডু থেকে গ্রেফতার করে এনেছিল এবং যখন পাকিস্তানিদের দ্বারা মুম্বাই হামলা হলে সেই সুযোগে ব্রাম্ভন্যবাদীরা আই. বি ও মুম্বাই অপরাধ শাখার অফিসাররা চক্রান্ত করে হেমন্ত কারকারেকে হত্যা করে হত্যাকারী হিসাবে গোঁজামিল দেওয়ার জন্য আজমল আমীর কাসাবকে বলীর পাঁঠা বানিয়েছে । অর্থাৎ উদোর পিন্ডি বুধোর ঘাড়ে চাপিয়ে ব্রাম্ভন্যবাদীরা বেকসুর খালাস পেয়ে গেছে । সম্রাট আলেকজান্ডার ভারতবর্ষের দিকে লক্ষ্য করে সত্য কথাই বলেছেন,

সত্য সেলুকস ! কি বিচিত্র এই দেশ !

মুম্বাই হামলার কয়েকটি দৃশ্য

এই সেই মাচ্ছিমার কলোনী যেখানে সন্ত্রাসবাদীরা বোটে করে অবতরন করেছিল

Place of arrival- Machchimar Colony, South Mumbai

এই সেই সি. এস. টি রেলওয়ে স্টেশন যেখানে ব্রাম্ভন্যবাদী সন্ত্রাসীরা হেমন্ত আক্রমন করে হেমন্ত কারকারেকে হত্যা করার জন্য এবং ২২ জন মুসলমানকে হত্যা করে ।

CST after the attack

এটা হল গুড়গাঁও চৌপাটি যেখানে ইসমাইল খানকে পুলিশ এনকাউন্টার করে এবং তথাকথিত ভাবে আজমল আমীর কসাবকে গ্রেফতার করে মিথ্যা কেস সাজানোর জন্য ।

The police encounter at Girgaum Chowpatty- CCTV image

এটা হল ক্যাফে লিওপল্ড যেখানে সন্ত্রাসবাদীরা ১০ জন নিরীহ মানুষকে হত্যা করে ।

Café Leopold after the attack

এই হল তাজ হোটেল যেখানে সন্ত্রাসবাদীরা ৩৬ জন নিরীহ মানুষকে হত্যা করে ।

Fire in the Taj hotel during the siege

The Taj Hotel during the siege

এই হল তাজ নারিমন হাউস যেখানে সন্ত্রাসবাদীরা ৬ জন নিরীহ মানুষকে হত্যা করে ।

Nariman House during the encounter between NSG commandoes and the militants

এই হল ইন্ডিয়ান কমান্ডো যাঁরা হেলিকপ্টারে করে নেমে সন্ত্রাসবাদীদের সঙ্গে যুদ্ধ করে প্রত্যেককে মৃত্যুর ওপারে পাঠিয়ে দেন ।

Indian Commandoes being dropped on the roof of Nariman House

এই সেই আজমল আমীর কাসাব যাকে ভারতীয় গোয়েন্দা সংস্থা ২০০৬ সালের আগে নেপালের কাঠমান্ডু থেকে গ্রেফতার করে এবং তারা নিজেরা সি. এস. টি তে সন্ত্রাসবাদী হামলা করে কাসাবকে বলির পাঁঠা বানায় । অথচ ২৬/১১ এ কাসাবের কোন হাতই ছিল না ।

Azmal Ameer Kasab

২৬/১১ এ মৃত হামলাকারীদের নাম

২৬/১১ এর হামলায় যে ৮ জন হামলা করেছিল তাদের তালিকা নিচে দেওয়া হল,

১) বাবর খান @ আবু আকাসা (২৫ বছর বয়স, মুলতান, পাকিস্তান)
২) নাসীর @ আবু ওমর (২৩ বছর, ফায়সালাবাদ, পাকিস্তান)
৩) সোয়াইব @ আবু সাহাব (২১ বছর, শাক্কাগড়, নারোভাল, শিয়ালকোট, পাকিস্তান)
৪) নাযীর @ আবু ওমর (২৮ বছর, ফায়সালাবাদ, পাকিস্তান)
৫) হাফিয আরশাদ @ আবু আব্দুর রহমান (২৩ বছর, মুলতান, পাকিস্তান)
৬) জাভেদ @ আবু আলী (২২ বছর, ওকারা, পাকিস্তান)
৭) ইসমাইল খান (২৫ বছর, ডেরা ইসমাইল খান, পাকিস্তান)

পশ্চিমবঙ্গে এন. আই. এ সন্ত্রাস

বর্ধমানের খগড়াগড়ের বিস্ফোরণ কান্ডের পর ভারতীয় গোয়েন্দা সংস্থা NIA যেভাবে সন্ত্রাসবাদীদের খোঁজার নামে নিজেরা সন্ত্রাসবাদী কার্যকলাপে অবতীর্ন হয়ে মুসলমানদেরকে হেনস্থা করছে । যেকোন মুসলমান যুবককে যেখানে সেখানে গ্রেফতার করে তদন্তের নামে প্রহসন শুরু করে দিয়েছে । এই ব্রাম্ভন্যবাদী NIA ভূয়া যুক্তি খাড়া করে যেকোন মাদ্রাসাকে তদন্তের নামে খানাতল্লাসী শুরু করেছে । তাদের যুক্তি যে এইসব মাদ্রাসার প্রাক্তন ছাত্ররা সন্ত্রাসবাদী কার্যকলাপে যুক্ত সেজন্য মাদ্রাসায় খানাতল্লাসী শুরু করা হয়েছে । এটা সম্পূর্ণ ভূয়া যুক্তি কেননা আজ পর্যন্ত কোন মাদ্রাসার ছাত্রকে NIA সন্ত্রাসবাদী প্রমান করতে পারেনি । আর ভবিষ্যতেও প্রমাণ করতে পারবে না ইনশাল্লাহ । তবে আগে যেমন NIA এর জনক I.B

(Intelligence Burou) ও মুম্বাই ক্রাইম ব্রাঞ্চ যেরকম নিজেরা সি. এস. টি রেলওয়ে স্টেশনে সন্ত্রাসবাদী হামলা করিয়ে আজমল আমীর কাসাবকে বলীর পাঁঠা বানিয়ে অভিযোগ মুক্ত হয়েছে সেরকম NIA ভবিষ্যতে যদি কোন মাদ্রাসার ছাত্র বা মাদ্রাসার শিক্ষককে বলীর পাঁঠা বানিয়ে মুসলমানদের বিরুদ্ধে ষড়যন্ত্র করে তাহলে সেটা আলাদা ব্যাপার ।

NIA ইতিমধ্যে আমজাদ শেখ, মালদার ১৬ মাইল এলাকা থেকে জিয়াউল হক, গুয়াহাটি থেকে দাঁতের চিকিৎসক শাহনুর আলমের স্ত্রী সুজেনা বেগমকে, সাজিদ শেখ, সাজিদের স্ত্রী ফাতেমা, হায়দ্রাবাদ থেকে মায়ানমারের মুহাম্মাদ ওরফে খালিদ, কোলকাতা বিমানবন্দর থেকে রহমতুল্লাহকে, পূর্বাস্থলী থানার খড়দত্তপাড়ার হাসেম মোল্লা, আব্দুল হাকিম প্রভৃতিদেরকে গ্রেফতার করেছে কিন্তু কোনকিছু প্রমাণ করতে পারিনি ।

NIA এর এ যেন আজব তামাসা । তাঁরা যেন সারা বাংলা জুড়ে শুধু জঙ্গিসূত্র পাচ্ছেন কিন্তু কাউকে জঙ্গি বলে প্রমাণ করতে পারছেন না ।

বর্ধমানে খগড়াগড়ে বিস্ফোরণের পর NIA বলেছিল যে এটা ইন্ডিয়ান মুজাহিদীনের হাত ধরে আল কায়দা করেছে । কিন্তু এখন তারা ভোল পালটে বলছে যে এই কাজ জামাআতুল মুজাহিদীনের । বাংলাদেশের জামাআতুল মুজাহিদীন গোষ্ঠী নাকি ভারতবর্ষকে ইসলামী রাষ্ট্র বানাবার জন্য এই বিস্ফোরণ ঘটিয়েছে । কি আজব প্রহসন ! এই রকম ধরণের কোন তথ্য রাঁচীর পাগলাগরদেরও কেউ দেয় না । যা আমাদের দেশের NIA নামক পাগলা প্রতিষ্ঠান ও তাদের সমর্থক ব্রাম্ভন্যবাদী মিডিয়া গোষ্ঠী দিচ্ছে । যে বাংলাদেশের তথাকথিত মুজাহিদীনরা এখনো পর্যন্ত ইসলামী রাষ্ট্র হতে পারলো না এবং সেখানে শরীয়াতি আইন প্রনয়ণ করতে পারলো না সেই বাংলাদেশের গরীব মুসলমানরা নাকি ভারতকে ইসলামী রাষ্ট্রে পরিণত করবে এবং এখানে নাকি শরীয়াতী আইন প্রনয়ণ করবে । এই কথা NIA এর পাগলা গারদে যারা বসে আছে তাদেরকে বোঝাবে কে ? কোন পরিক্ষায় পাশ করে তারা NIA এর মতো গোয়েন্দাবিভাগে যোগদান করেছেন একমাত্র আল্লাহই জানেন ।

কিছুদিন আগে সন্ধ্যার সময় নবদিগন্ত শিল্পনগরীতে NIA অফিসের সামনে একটি বোমা বিস্ফোরণ হয় । নবদিগন্তের এ. এন ব্লকের উলটোদিকে রয়েছে সি. আর. পি. এফের ৩ সিগন্যাল ব্যাটেলিয়ানের ক্যাম্পাস । তার ভিতরেই অস্থায়ী অফিস করেছে NIA তাহলে সেখানে আর কারা বোমা বিস্ফোরণ করতে যাবে ? সম্ভবত এই বিস্ফোরণ করেছে NIA অথবা সি. আর. পি এফের কোন ব্যাক্তি ।

আমাদের একথা বুঝতে অসুবিধা হয়না যে যেহেতু কেন্দ্রে বিজেপি সরকার আছে এবং তারা ভারতবর্ষকে হিন্দুরাষ্ট্র বানাবার প্রয়াস চালাচ্ছে আর NIA তাদের এটা করতে সাহায্য করছে । আর পশ্চিমবঙ্গে বিজেপি সরকার প্রবেশ করার চেষ্টা করছে সেজন্য প্রয়োজন পশ্চিমবঙ্গে মুসলমানদের বিরুদ্ধে কোনধরণের অপপ্রচার চালানো যাতে এই রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রিতি বিনষ্ট হয় এবং তাতে বিজেপি যেন রাজনৈতিকভাবে মজবুত হয় । কারণ বিজেপির

রাজনৈতিক খেলা হল সাম্প্রদায়িকতার খেলা । তারাই গুজরাটে সাম্প্রদায়িক দাঙ্গা লাগিয়ে নরেন্দ্র মোদী সেখানে জিতেছে এখন তারা বাংলার মাটিকে গুজরাট বা ভাগলপুরের মতো কিছু একটা করে রাজনৈতিকভাবে মজবুত হতে চায়ছে । এবং বিজেপি এই খেলায় NIA কে কাঠপুতুলের মতো ব্যাবহার করছে আর NIA ও তাদের ক্রীড়ানক হয়ে আঙ্গুলের ইশারায় নাচছে ।

ব্রম্ভন্যবাদী শক্তিগুলো ভারতবর্ষকে হিন্দুরাষ্ট্র বানাবার জন্য উদ্বিগ্ন । আর এই কাজে পুর্ণরুপে সাহায্য করছে ভারতীয় গোয়েন্দা সংস্থা NIA ও অন্যান্য গোয়েন্দা এজেন্সিগুলো । কিন্তু তাদের চক্রান্ত কোনদিন সফল হবে না । একদিন না একদিন তাদের ষড়যন্ত্র মানুষের সামনে উলঙ্গে হবেই হবে এবং তারা নিজেদের মুখ লুকোবার জায়গা পাবে না । কারণ আল্লাহ বলেছেন, “কুল জাআল হাক্ক, ওয়া যাহাকাল বাতিল । ইন্নাল বাতিলা কানা যাহুকা ।” অর্থাৎ যখন সত্যের আগমন হয় তখন বাতিল পলায়ন করে । নিশ্চয় বাতিল পলায়নকারী ।

স্বাধীনতা সংগ্রামে উলামায়ে কেরামদের অবদান

যে মাদ্রাসাকে উৎখাত করার জন্য আজকে মার্কিন সাম্রাজ্যবাদের মদদপুষ্ট ভারতীয় মিডিয়া ও তথাকথিত বুদ্ধিজীবিরা উঠেপড়ে লেগেছে সেই মাদ্রাসার ছাত্ররা অর্থাৎ উলামায়ে কেরামরাই ভারতবর্ষকে স্বাধীন করার জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছেন সেই সময় এই বুদ্ধিজীবিদের পুর্বপুরুষরা বৃটিশদের পদলেহন করছিলেন এবং উঁচু পদে চাকরি করার জন্য নিজেদের মা বোনকেও বৃটিশদের শয্যাগৃহে পাঠাচ্ছিলেন ।

ভারতকে স্বাধীন করার জন্য যে কুরবানী উলামায়ে কেরামরা দিয়েছেন অন্য কোন সম্প্রদায় তা দেয়নি । তাই উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী মুলায়ম সিং যাদব বলেছেন, “১৯৪২ খ্রীষ্টাব্দের ভারত ছাড়ো আন্দোলন থেকে ১৯৪৭ খ্রীষ্টাব্দের স্বাধীনতা লাভ পর্যন্ত মুসলমানদের অবদানই বেশী । দেশের জন্য তারা যে কুরবানী দিয়েছেন অন্য কোন জাতি সে কুরবানী দিতে পারেনি । ১৮৫৭ খ্রীষ্টাব্দে ৫২/৫৩ হাজার মাওলানাকে গুলি মেরে ছিন্ন বিচ্ছিন্ন করা হয়েছিল । এই কথা আজ জোর গলায় বলছি । তার কারণ সেই সময় কিছু লোক ইংরেজের দালালী ও পক্ষপাতিত্ব করছিল । স্বাধীনতার পর তারা সুযোগ বুঝে স্বাধীনতা সংগ্রামী, দেশ দরদী ও দেশ ভক্ত হয়ে যান ।” (কোলকাতা নেতাজী ইন্ডোর ষ্টেডিয়ামে প্রদত্ত ভাষন, তাং ১৬/১০/১৯৯৭)

১৮৫৭ সালের মহাবিদ্রোহের মূল নায়ক সম্পর্কে মিঃ হ্যারিংটন টমসন বলেছেন, “আমি আগেই বলেছি, ৫৭ বিদ্রোহের মূল নায়ক হিন্দু সম্প্রদায় নয়, মুসলিমদের ষড়যন্ত্রের ফলেই এই বিদ্রোহ হয়েছিল ।” (রাভিলিউশন ইন ইনডিয়া এবং কুটওয়্যার পলিশি, আমাদের পূর্বসুরী ও স্বাধীনতা প্রসঙ্গ, পৃষ্ঠা-১২)

লর্ড ক্যানিং বলেছেন, “মহাবিদ্রোহ দমন করার পর ১৮৫৭ খ্রীষ্টাব্দের ১ লা অক্টোবর এলাহাবাদের মহাবিদ্রোহের তিন প্রধান সমরনায়ক মাওলানা কাসেম নানুতুবী (রহঃ), মাওলানা

রশীদ আহমদ গাঙ্গোহী (রহঃ) ও হাজী ইমদাদুল্লাহ (রহঃ) ব্যাতিত সমস্ত উদ্দেশ্যে মহারানী ভিক্টোরিয়ার পক্ষ থেকে নিঃশর্ত ক্ষমা ও নিরাপত্তার ঘোষনা দেন ।" (ভারতের স্বাধীনতা সংগ্রামে উলামায়ে কেরামের অবদান, পৃষ্ঠা-২৭)

সিপাহী বিদ্রোহের প্রত্যক্ষদর্শী ঐতিহাসিক মিষ্টার টমসন বলেছে, "দিল্লীর চাঁদনী চক থেকে খয়বার পর্যন্ত এরুপ কোন গাছ ছিল না, যার ডালে উলামায়ে কেরামের গর্দান ঝুলেনি ।" তিনি আরও বলেন, "আলেমদেরকে শূকরের চামড়ার ভিতরে ভরে জ্বলন্ত চুলোর মধ্যে ঢুকিয়ে দেওয়া হয়েছিল । লাহোরের রাবী নদীতে বস্তার মধ্যে ঢুকিয়ে ৮০ জন আলিমকে প্রতিদিন নিক্ষেপ করা হত । এবং তাদের অনেককে গুলি করা হত ।"

তিনি আরও বলেন, "চল্লিশ জন আলিমকে জ্বলন্ত অগ্নিস্ফুলিঙ্গে উলঙ্গ করে জ্বালানো হচ্ছে । তারপর আরো ৪০ জন আলিমকে জ্বালানোর জন্য সেখানে আনা হল । সেখানে ইংরেজরা তাদের সম্বোধন করে বলেছিল ঃ মৌলবীর দল উক্ত ৪০ জন আলিমকে যে রুপ জ্বলিয়ে ভস্ম করে দেওয়া হয়েছে, তোমাদেরকেও অনুরুপ জ্বালানো হবে । তোমরা যদি এখন বলো যে, আমরা আযাদী আন্দোলনে অংশগ্রহন করিনি তাহলে তোমাদের ছেড়ে দিব । আমার সৃষ্টি কর্তার কসম, আমি দেখলাম যে, তাঁদের কোন একজন আলিমও ইংরেজদের সম্মুখে মাথা নত করেননি । বরং পূর্বের ৪০ জনের ন্যায় পরবর্তী ৪০ জনও অগ্নিস্ফুলিঙ্গে জ্বলে শাহাদাত বরণ করলেন । তাঁদের কেউই ইংরেজদের সম্মুখে মাথা নত করতে রাজী হলেন না ।" (উপমহাদেশের প্রখ্যাত আলিমদের রাজনৈতিক জীবন, পৃষ্ঠা-৭৯)

স্যার জেমস শায়খুল হিন্দ মাওলানা মাহমুদুল হাসান দেওবন্দীর জন্য বলেছেন, "এই লোকটিকে যদি আগুনে পুড়িয়ে ছাই করে দেওয়া হয় তাহলে উক্ত ছাই এর একটি কণাও ঐ পথ বা গলি দিয়ে উড়বে না যেখানে একজনও ইংরেজ অবস্থান করবে ।"

"এই লোকটিকে যদি কেটে টুকরো টুকরো করে দেওয়া হয় তাহলে প্রত্যেকটি খন্ডই ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহ করে বসবে ।" (ভারতের স্বাধীনতা সংগ্রামে উলামায়ে কেরামের অবদান, পৃষ্ঠা-৩০)

আমরা নেতাজী সুভাষ চন্দ্র বসুকে স্বাধীনতা সংগ্রামের প্রাণ পুরুষ বলেই চিনি । এই সুভাষ চন্দ্র বসুকে পুর্ণ স্বাধীনতার মন্ত্রে দীক্ষিত করেন আমাদের উলামায়ে কেরামরাই । ঐতিহাসিক সুপ্রকাশ রায় লিখেছেন, "নেতাজীকে যিনি পূর্ন স্বাধীনতার মন্ত্রে দীক্ষিত করেছেন উবাইদুল্লাহ সিন্ধী । তিনিই নেতাজীর নাম দিয়েছিলেন মাওলানা জিয়াউদ্দিন । তিনিই ছদ্মবেশে প্রথমে কাবুলে তারপর বিভিন্ন দেশে পাঠান ।" (ভারতের স্বাধীনতা সংগ্রামে উলামায়ে কেরামের অবদান, পৃষ্ঠা-২৮)

ভারতের প্রথম রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদ বলেছেন, “ওই সকল উলামা যারা দারুল উলুম দেওবন্দ প্রতিষ্ঠা করেছেন স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন । দারুল উলুম দেওবন্দ মাদ্রাসা প্রতিষ্ঠার পুর্বে ও পরে ওই সকল উলামাগণ স্বাধীনতা যুদ্ধ চালিয়ে যান । তাঁরা আধ্যাত্মিক শিক্ষা ও প্রশিক্ষনের সাথে স্বাধীনতা সংগ্রাম পরিচালনা করেন ।” (দেওবন্দ মাদ্রাসায় প্রদত্ত ভাষন, দারুল উলুম দেওবন্দ, পৃষ্ঠা-৭২)

নেতাজীর সুভাষ চন্দ্র বসুর ভাইপো শিশির কুমার বসু বলেছেন, “আমি দিল্লীতে দেখেছি কিছু সংকীর্নতাবাদী লোক কাজের সুবিধা পেয়েছে । তারা নিজেদের পছন্দমত দেশের ইতিহাসের মোড় ঘুরিয়ে দিচ্ছে । দুই শত বৎসরের জাতীয়স্তরে স্বাধীনতা সংগ্রামীদের ও সংগঠনের স্মরনীয় ইতিহাস রচনা করার জন্য ‘ফ্রীডম মেমোরিয়াল’ নামে একটি জাতীয় সংঘ স্থাপন করা হয়েছে । এই সংস্থার মাধ্যমে যে ইতিহাস রচিত হচ্ছে তাতে জমিয়ত উলামায়ে হিন্দের নাম নেই । নেতাজীর সুভাষ চন্দ্র বসু ও ন্যাশনাল আর্মিরও নাম নেই । অথচ আপনাদের পূর্বসুরিরাই ব্রিটিশদের বিরুদ্ধে সর্বপ্রথম সংগ্রাম শুরু করেছিলেন । জালিয়ানওয়ালাবাগের নৃশংস হত্যাকান্ডের পরও কংগ্রের পূর্ণ স্বাধীনতার কথা বলেনি । কিন্তু জমিয়ত উলামায়ে হিন্দ ১৯১৯ খ্রীষ্টাব্দের কংগ্রেসের দশ বৎসর পূর্বে পূর্ণ স্বাধীনতাই তাদের লক্ষ্য বলে সংগ্রামের সিদ্ধান্ত গ্রহণ করেছিল । সাম্প্রদায়িক ভাগ বাঁটোয়ারায় কংগ্রেস নীতি নির্ধারণ করতে না পারলেও জমিয়ত তা করতে পেরেছিল ।

১৯৩৬ খ্রীষ্টাব্দের নির্বাচনের পর প্রাদেশিক স্বায়ত্ত শাসনের ব্যাপারে মুসলিম লিগের সঙ্গে কংগ্রেরসের আঁতাত হল না । কংগ্রেসের নেতৃত্বের দোষে মুসলিম লীগের জন্ম হয় । এভাবে সাম্প্রদায়িকতার বীজ বিষ বৃক্ষে পরিণত হল । ইংরেজ সরকার অসন্তুষ্ট হবে মনে করে কংগ্রেস ওয়ার্কিং কমিটির অধিকাংশই আগষ্ট আন্দোলন করেননি । এমনকি জওহরলাল নেহরুর মতো নেতা আন্দোলন বানচাল করার যথেষ্ট চেষ্টা করেছিলেন । গান্ধীজী দৃঢ় হওয়ায় ভারত ছাড়ো আন্দোলন সফল হয়েছিল; আর তা হয়েছিল নেতাজীর প্রভাবেই । মনে রাখা দরকার জমিয়ত উলামায়ে হিন্দ কিন্তু তার আগেই ‘ভারত ছাড়ো আন্দোলন’ এর ডাক দিয়েছিলেন । যুদ্ধের সময় জমিয়তের বহু নেতা ও কর্মী কারা বরণ করেছিলেন ।”

“নেতাজী সুভাষ চন্দ্র বসুর গোপনে ইউরোপ যাত্রা সম্পর্কে আমি অনেক তথ্য জানি । আমি গোপনে তাকে গাড়িতে তুলে দিতে গিয়েছিলাম । সেই গোপন যাত্রা কালে তিনি আমাকে বলেছিলেন, আমি জমিয়ত উলামার পূর্বসূরীদের নির্দেশ অনুযায়ী যাচ্ছি । আপনারা জেনে রাখুন, নেতাজীর সুভাষ চন্দ্র বসু এঁদের দ্বারাই প্রভাবিত হয়েছিলেন ।”

“দেশ ভাগের ব্যাপারে আমি একজন হিন্দু হয়েও পরিস্কার বলে দিতে চাই যে, ভারত ভাগের জন্য মুসলমান দায়ী নয় । এমনকি ভারত ভাগে জিন্না সাহেবকে ঠেলে দেওয়ার জন্য কংগ্রেসই দায়ি । ক্যাবিনেট মিশন নিয়ে নেহরু যা কান্ডকারখানা করেছিলেন তাতে জিন্না সাহেব দেশ ভাগে অনড় হয়ে বসলেন । ভারত ভাগের প্রস্তাব প্রথম এসেছিল হিন্দু মহাসভা থেকে । কিছুদিন পর কংগ্রেস তা গ্রহণ করে । ১৯৪৭ খ্রীষ্টাব্দে কংগ্রেস ওয়ার্কিং কমিটি পাঞ্জাব ভাগে

সিদ্ধান্ত নিলে আমার বাবা শরৎ বসু কংগ্রেস থেকে পদত্যাগ করেন। তিনি বলেন এর অর্থই হচ্ছে ভারত ভাগ। তিনি বাংলায় হিন্দু মুসলিম মিলে সংহতি ভিত্তিক বাংলার ঐক্য প্রতিষ্ঠা চালিয়ে যাচ্ছিলেন। এ ব্যাপারে তিনি গান্ধীজী ও জিন্নার সঙ্গে মত বিনিময় করেছিলেন। বাংলা বিভক্ত হবে না বলে গান্ধীজী আশ্বাস দিয়েছিলেন। মুহাম্মাদ আলি জিন্না বলেছিলেন যে, যদি আপনারা হিন্দু মুসলমান মিলে মিশে এক হয়ে থাকতে পারেন, তাহলে আমি বাংলাকে পাকিস্তান থেকে বাদ দিয়ে দেব। এই আমার বাবা প্রকাশ করেন কিন্তু কংগ্রেসের চাপে ভারত পাকিস্তান বাদে তৃতীয় একটি দেশ ঐক্য বাংলা হিসাবে ভোট নেওয়ার সুযোগ দেওয়া হয়নি। তাই লর্ড মাউন্ট ব্যাটনকে বাংলা ভাগের জন্য স্থায়ী করা যায়না। সনদে নির্দিধায় যাঁরা সই করলেন তাঁরা হলেন জওহরলাল নেহরু ও বল্লভ ভাই প্যাটেল। যদি কাউকে দেশ বিভাগে দায়ী করতে হয় তবে প্রথমে এই দু-জনকে। নিষ্ঠুর হলেও অপার সত্য কথাই আমি আপনাদের জানাচ্ছি যে জমিয়ত উলামায়ে হিন্দ সব সময়ই দেশ বিভাগের বিরোধীতা করেছে। কোন দিনই তা সমর্থন করেনি। ভবিষ্যৎ প্রজন্ম আপনাদিগকে চিরদিন কেবল স্বীকৃতিই দেবেনা বরং অভিনন্দিত করবে। মুসলমান তথা জমিয়ত উলামা সর্ব প্রথম দেশকে স্বাধীন করার ডাক দেয়। জমিয়তে উলামা স্বাধীনতা সংগ্রামে লড়াই না করলে ভারতের স্বাধীনতা কয়েকশো বছর পিছিয়ে যেত এতে কোন সন্দেহ নাই।" (নেতাজী ইন্ডোর ষ্টেডিয়ামে প্রদত্ত ভাষন, তাং- ১৬/১০/১৯৯৭)

নেতাজীর সুভাষ চন্দ্র বসু বলেছেন ঃ "Brittish propaganda has deliberately created the impression that the Indian Mohammedans are against the independence movement. The fact is that in the nationalist movement there is a large percentage of Mohammedans. The vast majority of the Indian Mohammedans are anti-British and want to see the India free. The great revolution of 1857 was a grand example of national unity. The war was faught under the flag of Bahadur Shah, Mohammadans have anti need to work for national freedom." (The India Struggle, 1920-42)

বৃটিশ ঐতিহাসিক উইলিয়াম হান্টার উলামায়ে কেরাম (দেওবন্দ) সম্পর্কে লিখেছেন, "আমাদের রাজত্ব করতে মুসলমানদের কোনো দলকে ভয় পাইনা। যদি ভয় হয় তো কেবলমাত্র একছত্র ওহাবী দলটাকে। কেননা তারাই আমাদের বিরুদ্ধে সংগ্রাম করে।" (The Indian Muslims, Page-32)

তিনি আরও লিখেছেন, "১৮৫৭ খ্রীষ্টাব্দের পূর্বের ১৮৫২ খ্রীষ্টাব্দে মুজাহিদরা তাদের পরিকল্পনা বাস্তবে রুপান্তরিত করার উপযোগী বলে বিবেচনা করে। আমাদের ভূখন্ড থেকে বহু অর্থ ও লোকজন সিও না শিবিরে পাচার হয়ে যায়। আমাদের সেনাদলের সঙ্গে বিদ্রোহমূলক পত্রালাপের একটি ঘটনা পাঞ্জাব কর্তৃপক্ষের কাছে ধরাও পড়ে। রাওয়ালপিন্ডিতে অবস্থিত চতুর্থ নেটিভ পদাতিক বাহিনী ছিল ধর্মান্ধ উপনিবেশের নিকটবর্তী। মুজাহিদ বাহিনীর আক্রমণ প্রতিহত করার জন্য আমাদের যে সব বাহিনী প্রেরণ করা হত, তাদের অন্যতম ছিল এই পদাতিক বাহিনী। ধর্মান্ধ নেতৃবৃন্দ সু-কৌশলে এই বাহিনীতে ভাঙানী দেওয়ার চেষ্টা

করেছিল । যে সব চিঠি ধরা পড়েছিল, তা থেকে প্রমাণিত হয় যে, বাংলা থেকে লোকজন ও অস্ত্রশস্ত্র বিদ্রোহী শিবিরে চালান দেওয়ার জন্য তারা একটি নিয়মিত সংগঠন স্থাপন করেছিল । একই সময় পাটনার ম্যাজিষ্ট্রেট রিপোর্ট (১৯ শে আগষ্ট ১৮৫২ খ্রীষ্টাব্দে) দিয়েছিলো যে, শহরে বিদ্রোহীদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছিল । বৃটিশ ভারতের এই প্রাদেশিক রাজধানী শহরের নেতৃস্থানীয় অধিবাসীরা প্রকাশ রাজবিদ্রোহ প্রচার করছিল । ধর্মান্ধদের সাথে পুলিশের গোপন আঁতাত স্থাপিত হয়েছিল । একজন বিদ্রোহী নেতার (মাওলানা আহমাদুল্লাহ) গৃহে সাতাশ লোকের এক সমাবেশে এই নেতা অস্ত্রশস্ত্র প্রয়োগের দ্বারা ম্যাজিষ্ট্রেটের তদন্ত অনুষ্ঠান প্রতিরোধ করার সংকল্প ঘোষনা করে ।" (The Indian Muslims, Page-13/14)

ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস পাঠকারী প্রত্যেক মানুষই জানেন যে উলামায়ে কেরামরা দেশকে স্বাধীন করার জন্য কিনা করেছেন । ওহাবী আন্দোলন সম্পর্কে ঐতিহাসিক রমেশচন্দ্র মজুমদার লিখেছেন, "Its may be called first war of indipendence in india" (History of Freedom movement, Ramesh Chandra Majumdar, Page-28)

জমিয়ত উলামায়ে হিন্দ সম্পর্কে পশ্চিম বঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত শ্রী জ্যাতি বসু বলেছেন, "....The Jamiet E Ulama played a distinguished role in the freedom struggle of India. This organization made sincare efforts to mobise the masses for united movement against British imperialism...."

যে মহাত্মা গান্ধীকে জাতির জনক বলা হয় সেই গান্ধীজীকেই মাদ্রাসায় পড়া আমাদের পূর্বসূরী আলেম উলামারাই স্বাধীনতা সংগ্রামী বানিয়েছেন । এই প্রসঙ্গে প্রফেসার দিলীপ চক্রবর্তী বলেছেন, "আমার জানা দুটি কাহিনী - গোখলে গান্ধীজীকে বলেছিলেন ঃ রাজনীতিতে এখন নেমোনা । আগে ভারতকে চেনো । সেই জমিয়ত উলামা তাঁকে এক লক্ষ টাকা দিয়েছিল । সেই টাকায় তিনি সারা ভারত ঘুরে রাজনীতিতে অংশগ্রহণ করেন । জমিয়ত গান্ধীকে গান্ধী বানিয়ে ছিলেন । ফলে স্বাধীনতা আন্দোলন প্রকৃত পক্ষে জাতীয় আন্দোলনের রুপ পেয়েছিল দ্রুত গতিতে ।" (কোলকাতা শহীদ মিনার ময়দানে প্রদত্ত ভাষন, ইং- ২৯/০১/১৯৯৪)

ঐতিহাসিক অমলেন্দু দে লিখেছেন, "একই সময়ে ভারতের মুসলিম রাজনীতিতে উলামা সম্প্রদায় অর্থাৎ যাঁদের ইসলাম ধর্ম সম্বন্ধে জ্ঞান রয়েছে এমন ব্যাক্তিদেরও প্রভাব বৃদ্ধি পায় । উলামাদের মধ্যে যাঁরা জাতীয়তাবাদী তাঁরা জমিয়ত উলামায়ে হিন্দ নামে একটি সংস্থা গঠন করেন । এবং ১৯১৯ খ্রীষ্টাব্দের ডিসেম্বর মাসে অমৃতসরে এই সংস্থার প্রথম প্রকাশ্য অধিবেশন হয় । দেওবন্দে প্রতিষ্ঠিত ইসলাম ধর্মতত্ত্বের প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত উলামারাই এই সংস্থার উদ্দ্যোক্তা ছিলেন । মাহমুদুল ছিলেন এই সংস্থার নেতা । খিলাফত আন্দোলনে উলামারা অংশগ্রহণ করেন । জমিয়ত উলামায়ে হিন্দ সবসময়ে দেশের স্বার্থে কংগ্রেসের সঙ্গে সহযোগিতা করে এবং ধর্মীয় ও সাম্প্রদায়িক দৃষ্টিকোণ থেকে যাঁরা জাতীয়তাবাদের বিরোধীতা

করেন তাদের জমিয়তের নেতৃবৃন্দ সমালোচনা করেন ।" (ভারতের ইতিহাস, দশম শ্রেনী, জানুয়ারী ১৯৮৯)

ঐতিহাসিক সত্যেন সেন লিখেছেন, "(ব্রিটিশের বিরুদ্ধে) প্রথম প্রতিবাদ তোলেন বিখ্যাত ধর্মীয় নেতা শাহ ওয়ালীউল্লাহ । মুসলমানদের হাত থেকে বাদশাহী শাসন ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছিল, কাজেই আঘাতটে মুসলমানদের মনেই বেশী করে বাজবে, এটা খুবই স্বাভাবিক, তাই তাদের এই বিরোধীতা হয়তো এই ধর্মীয় নেতার অভিমতের মধ্য দিয়েই রুপ নিয়েছিল । শাহ ওয়ালীউল্লাহ এর পুত্র ও তার পিতার এই সুত্রটিকে কার্যকর রুপে সম্প্রসারিত করলেন । তিনি বললেন, ভারতীয় মুসলমানরা এই পরাধীন অবস্থাকে কিছুতেই মেনে নিতে পারবেন না । এই পরিবেশের মধ্যে কোনও প্রকৃত মুসলমানের পক্ষে যথাযথ ভাবে ধর্মাচরন করে চলা সম্ভব নয় । তার দৃষ্টিতে ভারত হচ্ছে 'দার - উল - হারব' অর্থাৎ 'যুদ্ধরত দেশ' । তিনি এ দেশের মুসলমানদের উদ্দেশ্য করে এক ফতোয়া জারী করলেন । বৃটিশের বিরুদ্ধে শরীক হওয়া তাদের সকলের ধর্মীয় কর্তব্য ।" (বৃটিশ বিরোধী আন্দোলনে মুসলমানদের ভূমিকা, পৃষ্ঠ-১০/১১)

তিনি আরও লিখেছেন, "দীর্ঘ অর্ধ শতাব্দী ব্যাপী এই বৃটিশ বিরোধী জিহাদের স্রষ্টা, পরিচালক ও প্রাণশক্তি যিনি, সেই সৈয়দ আহমদের নাম আজকাল ক'জনই বা জানে ? অথচ এই আন্দোলন ওয়াহাবী আন্দোলন নামে দেশের শিক্ষিত সমাজে বিশেষ করে রাজনৈতিক মহলে সু-পরিচিত, কিন্তু এ কথাটা সত্য নয় । বৃটিশ সরকার ও বৃটিশ ঐতিহাসিকদের দ্বারা এই বিচিত্র নামকরণের ফলে যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে তা আজও আমরা কাটিয়ে উঠতে পারিনি । আব্দুল ওয়াহাবের প্রচারিত ধর্মমতের সঙ্গে সৈয়দ আহমদের বৃটিশ বিরোধী আন্দোলনের কোনও সংযোগ ছিলনা । তবুও আমরা এতকাল ধরে সেই আন্দোলনকে অযথা 'ওয়াহাবী আন্দোলন' বলে আখ্যা দিয়েছি ।" (বৃটিশ বিরোধী আন্দোলনে মুসলমানদের ভূমিকা, পৃষ্ঠ-১১/১২)

ঐতিহাসিক ডঃ কল্যান চৌধুরী লিখেছেন, "(মাওলানা) আব্দুল আযীযের প্রধান শিষ্য রায়বেরেলীর সৈয়দ আহমদ (১৭৮৬ - ১৮৩১) গুরুর আবদ্ধ কাজ সম্পন্ন করতে মন প্রাণ সঁপে দিয়েছিলেন ।..........শাহ ওয়ালীউল্লাহ ইসলামী পুনরুজ্জীবনবাদ উনিশ শতকে এক ব্যাপকতর আন্দোলনের জন্ম দিয়েছিল । ঐ সময়ে মুজাহিদীন 'তরিকা - ই - মুহাম্মাদীয়া' নামে ধর্ম যোদ্ধারা ধর্ম ও রাজনীতিকে একত্রিত করে বিদেশী ইংরেজদের বিরুদ্ধে এক তীব্র আন্দোলন গড়ে তুলেছিলেন ।" (আধুনিক ভারতের ইতিহাস, পৃষ্ঠা-৯০/৯১)

ঐতিহাসিক ও কোলকাতা হাইকোর্টের প্রখ্যাত আইনজীবি বিমলানন্দ শামসল লিখেছেন, "হিন্দুরা এটা স্বীকার করতে চান না, কিন্তু বাংলার ও পাটনার ওয়াহাবীরাই ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রামের দিশারী ছিলেন । সিপাহী বিদ্রোহেও এঁদের প্রত্যক্ষ প্রভাব পড়েছিল, তা অনেকটা এই ওয়াহাবীদের প্রচেষ্টায় ও সংগঠনে । ইংরেজদের সঙ্গে লড়াই করে যত ওয়াহাবী

প্রাণ দিয়েছেন বা প্রাণ দন্ডে দন্ডিত হয়েছেন । (যে কোন স্বাধীন জাতীর পক্ষেই তা গৌরবের বিষয় । কিন্তু ভারতের ইতিহাস এদের এভাবে স্বীকৃতি দেয়নি) ।'' (ভারত কি করে ভাগ হল, পৃষ্ঠা- ১৮)

'The Indian Peace Council' এর প্রেসিডেন্ট পন্ডিত সুন্দর লাল বলেছেন, ''একমাত্র কংগ্রেসই দেশকে স্বাধীন করে নাই । বরং স্বাধীনতার পশ্চাতে রয়েছে আলেম সমাজের বহু আত্মহুতি ও অনেক বলিদান । কংগ্রেস আর কতদিনই বা সংগ্রাম আরম্ভ করিয়াছে । স্বাধীনতার সংগ্রামে আলেমদের ইতিহাস ত্যাগ ও আত্মহুতির ইতিহাস । আমি আজ হিন্দু ভাইদিগকে স্পষ্টভাবে জানিয়ে দিতে চাই যে এই দেশকে পরাধীনতা হতে মুক্ত করার জন্য মৌলবীগণ যত ত্যাগ স্বীকার করেছেন অন্য কোন সম্প্রদায় তত ত্যাগ স্বীকার করেন নাই ।''

তিনি আরও বলেছেন, ''১৯৫৭ সাল হ'তে কংগ্রেস কায়েম হওয়া পর্যন্ত এবং পরে কংগ্রেসের সহিত পূর্ণ সহযোগিতা সহকারে তাহারা মুক্তি সংগ্রামে অংশগ্রহণ করিয়াছেন । যখন আমরা অহিংসার পথ অবলম্বন করিয়াছি তখন তাহারা আমাদের সহিত এক ছিলেন ।'' (১৯৬৩ সালের মে মাসে মীরাট শহরে প্রদত্ত ভাষন)

স্বাধীনতা সংগ্রামে নেতাজী সুভাষচন্দ্র বসুর অবদান অপরিসীম । কিন্তু তাঁর আগে মাওলানা মাহমুদুল হাসান দেওবন্দী (রহঃ) এর অবদান নেতাজীর থেকে কোন অংশে কম ছিলনা । নেতাজী দ্বিতীয় মহাযুদ্ধকে সুযোগ রূপে গ্রহণ করেছিলেন কিন্তু তাঁর ছাব্বিশ বছর আগে অর্থাৎ ১৯১৭ সালের প্রথম মহাযুদ্ধকে মাহমুদুল হাসান দেওবন্দী (রহঃ) সঠিকভাবে ব্যাবহার করেছিলেন । নেতাজী জার্মান ও জাপান প্রভৃতি বিদেশী শক্তির সাহায্যে আজাদ হিন্দ ফৌজ গঠন করে ভারতের উত্তর পূর্ব সীমান্তে ব্রিটিশ সরকারকে পর্যূদস্ত করেছিলেন । অনুরুপ মাওলানা মাহমুদুল হাসান দেওবন্দী (রহঃ)ও প্রথম মহাযুদ্ধের সময় আফগানিস্তান, তুরস্ক ও ইয়াগিস্তান প্রভৃতি বৈদেশিক সাহায্যে আফগানী মুজাহিদীনদের সহযোগোগিতায় সীমান্তবর্তী এলাকায় গেরিলা যুদ্ধে ইংরেজদেরকে বিদ্ধস্ত করে ছেড়ে দিয়েছিলেন । এই প্রসঙ্গে ঐতিহাসিক উইলিয়াম হান্টার বলেছেন, ''তারা অর্থাৎ মুসলিম মুজাহিদরা ইংরেজ সৈন্যকে কবর দিয়েছিল প্রতিটি বালুকায় ।'' (The Indian Muslims)

মুসলমান মুজাহিদ বাহিনীরা বেলুচিস্তানের 'বাসভিলা' নামক স্থানে বিদ্রোহ করে এবং ইরাক যাত্রী ১৭০০০ ইংরেজ সৈন্য ও তাদের সেনাপতি মিষ্টার টমসনকে সিন্ধু এলাকায় অবতরণ করিয়ে হত্যা করে ।

'মুক্তি সংগ্রামে ভারত' গ্রন্থে লেখা আছে, ''ইতিমধ্যে উত্তর ভারতে দেওবন্দ জাতীয়তাবাদী মহাবিদ্যালয়ের একজন শিক্ষক মাওলানা উবাইদুল্লাহ সিন্ধীর নেতৃত্বে বেশ কিছু বিপ্লববাদী তরুন মুসলমান ভারত ছেড়ে চলে যান বেলুচিস্তানে । সেখানে এক দুর্গম অঞ্চলে প্রতিষ্ঠা করেন স্বাধীন সরকার । পরে সেখান থেকে তাঁরা কাবুলকে তাঁদের সদর দফতর করেন । তাঁদের সঙ্গে এসে যোগ দেন রাজা মহেন্দ্র প্রতাপ ও মাওলানা বরকতুল্লাহ । এরা

দেওবন্দের ছাত্রদের কাছে গোপন বার্তা পাঠিয়ে ভারতে বিপ্লবের পক্ষে প্রচার শুরু করেন । কিন্তু সাংকেতিক লিপিসুদ্ধ তাঁদের প্রেরিত রেশমী রুমাল ধরা পরে যায় । শুরু হয় রেশমী রুমাল ষড়যন্ত্র মামলা ।''

হীরন্দ্রেনাথ বন্দোপাধ্যায় লিখেছেন, ''১৯১৬ সালের আগষ্ট মাসে 'রেশমী চিঠি' ষড়যন্ত্র বলে এক ব্যাপার সরকারের কানে ওঠে । ষড়যন্ত্রের উদ্দেশ্য ছিল সীমান্ত আক্রমণ আর সঙ্গে সঙ্গে দেশময় মুসলিম বিদ্রোহ । দেওবন্দের মুসলমানদের যে বিশ্ববিখ্যাত ধর্ম শিক্ষা কেন্দ্র আছে তার অধ্যক্ষ আবুল কালামের আযাদের গুরু স্বরুপ 'শেখ - উল - হিন্দ মাওলানা মাহমুদুল হাসান দেশ থেকে পালিয়ে গিয়ে হিজাজ থেকে এই ষড়যন্ত্র পরিচালনা করছিলেন । তিনি ১৯১৬ সালে (মাওলানা) ওবেদুল্লাহর কাছে ''গালিব নামা বলে এক ঘোষনা পত্র পাঠান, তাতে হিজাজের তুর্কি শাসক ইংরেজদের বিরুদ্ধে ধর্মযুদ্ধ আহ্বান করেন । এ ব্যাপারে বেশী এগোবার পূর্বেই 'শেখ - উল -হিন্দ' ইংরেজদের হাতে আটক পড়েন । দেশের মধ্যে মুসলমানদের যাঁরা সব থেকে তেজস্বী নেতা ইংরেজ তাদের সবাইকে, অর্থাৎ (মাওলানা) মহাম্মদ আলী, (মাওলানা) শওকত আলী, (মাওলানা) আবুল কালাম আজাদ, (মাওলানা) হসরৎ মোহনী), (মাওলানা) হুসাইন আহমদ মাদানী, জাফর আলী খান প্রভৃতিকে অন্তরীন করে রাখে ।'' (বাংলার কমিউনিষ্ট আন্দোলন দলিল ও প্রাসঙ্গিক তথ্য, প্রথম খন্ড, পৃষ্ঠা-৪৩৪)

একবার ইংরেজদের পক্ষ থেকে মাওলানা হোসেন আহমদ মাদানীর জন্য গুলি করার অর্ডার হয়েছিল । তিনি ষ্টেজে উপস্থিত হলেন । কামানের গোলন্দাজ তোপের দাগার অপেক্ষায় । এটা ছিল করাচির খেলাফত কমিটির সম্মেলন । যাতে প্রায় ৯ লাখের মতো লোক জমায়েত হয়েছিল । মাওলানা হোসেন আহমদ মাদানী সাহেব কাফন বগলে নিয়ে মৃত্যুর মোকাবেলায় প্রস্তুত । তিনি বললেন ঃ লে ফোরতু হ্যায় বুলবুল চোঁত মে গুল । লোকে দেখে নারায়ে তাকবীর রবে আকাশ বাতাস প্রকম্পিত করে তুলল । প্রায় আধ ঘন্টা ধরে চলল এই শ্লোগানের ধ্বনি । গোলন্দাজের গুলিও স্তব্ধ হয়ে গেল । মাওলানা মাদানী সাহেব অকুতভয়ে বললেন -

খেলোনা সমঝ কর বরবাদ না কর
হম ভী কিসিকে বনায়ে গিয়ে হ্যায় ।

মাওলানা হোসেন আহমদ মাদানী (রহঃ) চার বছর মাল্টার জেলে বন্দী ছিলেন । এই চার বছরের মধ্যে তাঁর মোট ১৯ জন লোক ইন্তেকাল করেন । তবুও তিনি ব্রিটিশদের কাছে মাথা নত করেননি ।

আর এক জন মুজাহিদের নাম করা যায় তাঁর নাম মাওলানা উবাইদুল্লাহ সিন্ধী (রহঃ) । যিনি প্রথম জীবনে হিন্দু ধর্মের লোক ছিলেন, পরে শিখ ধর্ম গ্রহণ করেন । পরে তিনি 'তুহফাতুল হিন্দ' ও মাওলানা ইসমাইল শহীদ দেহলবী (রহঃ) এর 'তাকবিয়াতুল ঈমান' প্রভৃতি গ্রন্থ পড়ে ইসলাম ধর্ম গ্রহণ করেন । তিনি তাঁর জীবনের ২৫ বছর জেলের

মধ্যে কাটিয়েছেন । তিনি যখন জেলের মধ্যে প্রবেশ করেন তখন তাঁর একটিও দাড়ি গজায়নি, এবং তিনি যখন জেল থেকে মুক্ত হন তখন তাঁর সমস্ত দাড়ি পেকে সাদা হয়ে গিয়েছিল ।

মাওলানা আবুল কালাম আযাদের কথা কে না জানেন । এক সময় তাঁর 'আল হেলাল' পত্রিকা দেশে ঝড় তুলেছিল । স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করার জন্য তাঁকে জেলে পাঠানো হয় । জেলে তিন অতিবাহিত কালে তাঁর স্ত্রী মারা যায় । ব্রিটিশ সরকার তিন দিনের জন্য তাঁকে বাড়ি যেতে অনুমতি দিয়েছিল । মাওলানা আবুল কালাম আযাদ ইংরেজদের এই দয়া গ্রহণ করেন নি । তিনি বললেন, "কল কিয়ামত কে দিন ম্যায় অপনি বিবিসে মুলাকাত কর লুঙ্গা ।"

তাঁর পত্রিকা সম্পাদনকালে তাঁর লেখনিশক্তি অনুধাবন করে ইংরেজদের এক চর কু-মতলবের জন্য তাঁকে ১০,০০০ টাকা দিতে চেয়েছিল । মাওলানা আযাদ তা গ্রহণ করেননি । তিনি প্রত্যাখান করে বলেছিলেন, "তু মেরে কলমকো খরিদনা চাহতা হ্যায় আবুল কালামকে কলম কো দুনিয়া কি কোয়ি তাকত খরিদ নেহি সক্তি ।"

এই সমস্ত স্বাধীনতা সংগ্রামী নেতারা কোন স্কুল কলেজ থেকে পড়াশুনা করেন নি । তাঁরা সকলেই মাদ্রাসা থেকেই পড়াশুনা করেছেন । ইংরেজদের যুগে স্কুল কলেজের ছাত্ররা অধিকাংশই ব্রিটিশদের দালালী করতো এবং সরকারী উঁচু পদে চাকরী করার জন্য লালিয়ে থাকতো । তৎকালীন যুগে কলেজে পড়া ব্রিটিশদের এই পোষ্যপুত্ররা মাদ্রাসার বিরোধীতা করতো এবং স্বাধীনতা সংগ্রামীদের ধরিয়ে দেবার ষড়যন্ত্র করতো । তাদের ষড়যন্ত্রের ফলে ব্রিটিশরা স্বদেশপ্রেমী উলামায়ে কেরামদের কাউকে ফাঁসি, কাউকে জেলে বন্দি করতো এবং ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান মাদ্রাসাগুলিকে সন্ত্রাসবাদের আখড়া বলে গন্য করে বন্ধ করার চেষ্টা করতো ।

ইংরেজরা এখন আমাদের দেশ থেকে পলায়ন করেছে । তবে তারা তাদের ঔরসজাত অবৈধ কিছু সন্তান আমাদের দেশে রেখে গেছে যারা এখনও ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান মাদ্রাসাগুলিকে সন্ত্রাসবাদের আখড়া বা সন্ত্রাসবাদে আঁতুরঘর বলে অপপ্রচার চালিয়ে যাচ্ছে এবং মুসলমানদেরকে হেনস্থা করছে অথচ এই মাদ্রাসা না থাকলে এই ভারত বহুদিন স্বাধীনতার মুখই দেখতো না । সুতরাং যারা মাদ্রাসাকে সন্ত্রসাবাদের আখড়া বলে তারা নিঃসন্দেহে নিজেরাই সন্ত্রাসবাদী ।

সন্ত্রাসবাদ ও ইসলাম

এটা বহুলভাবে প্রচারিত যে বর্তমানে সন্ত্রাসের জন্য ইসলাম ধর্মই দায়ী । কারণ পৃথিবীতে যত সন্ত্রাসবাদী কার্যকলাপ হয় তার মূলে রয়েছে ইসলাম । সেজন্য কিছুদিন আগে সংবাদপত্রে প্রকাশিত হয় যে ছ'জন ইমামকে সন্ত্রাসবাদী হিসাবে চিহ্নিত করে আমেরিকায়

বিমানে উঠতে দেওয়া হয়নি । অনেকে বলেন ইসলাম ধর্মই সন্ত্রাবাদকে প্রশ্রয় দেয়, অথচ এটা সত্যের বিপরীত । ইসলাম সন্ত্রাসবাদকে প্রশ্রয় দেয়না । ইসলাম হয় শান্তির ধর্ম । ইসলামে সন্ত্রাসবাদের কোন স্থান নেই । 'ইসলাম' শব্দের অর্থই হল শান্তি । ইসলাম ধর্মের মূল উদ্দেশ্য হল আত্মসমর্পন । আল্লাহর কাছে সম্পূর্ণ আত্মসমর্পন । তাহলে ইসলাম সন্ত্রাসবাদকে প্রশ্রয় দিল কিভাবে ?

ইসলাম ধর্ম সন্ত্রাসবাদের বিপক্ষে কথা বলে এবং সন্ত্রাসকে নির্মূল করার কথা বলে । ইসলাম ধর্মের বক্তব্য হল ঃ "লা তাবগিল ফাসাদা ফিল আরদ্বি ইন্নাল্লাহা লা ইউ হিব্বুল মুফসিদীন ।" অর্থাৎ তোমরা পৃথিবীতে সন্ত্রাস ছড়াবে না নিশ্চয় আমি আল্লাহ সন্ত্রাসবাদীদের পছন্দ করি না ।

ইসলাম ধর্ম বলে ঃ "দিমাউকুম কাদিমা এনা ওয়া আমওয়ালুকুম কা আমওয়ানিনা ।" অর্থাৎ অমুসলমানদের রক্ত ও তাদের ধন সম্পদ মুসলমানদেরই রক্ত ও ধন সম্পত্তির মত পবিত্র ও সুরক্ষিত ।

কাউন্ট হেনরী বলেছেন ঃ "ইসলামের নীতি ছিল এই যে, যারা ইসলাম ধর্ম গ্রহণ করত, তাদের ধন প্রাণ এবং সম্মানের হেফাজত করা হতো । কিন্তু যারা নিজেদের পৈত্রিক ধর্মে থাকতে চাইত তাদের উপর 'জিজিয়া' নামে এক মামুলী কর চাপিয়ে এরুপ ব্যাবহার করা হতো, যেরুপ মুসলমানদের প্রতি করা উচিৎ । আর ধর্মীয় ব্যাপারেও তাদের উপর কোনো বল প্রয়োগ করা হতো না ।" (নেদায়ে ইসলাম ঃ ১৩শ বর্ষ প্রথম সংখ্যা, হোসামুদ্দীন)

সুতরাং ইসলাম সন্ত্রাসবাদের শিক্ষা দেয় না । বরং সন্ত্রাবাদের বিপক্ষেই কথা বলে ।

আরবী ভাষায় সন্ত্রাসবাদকে 'ইহরাব' বলা হয় । পবিত্র কুরআন শরীফে ও হাদীস শরীফে সন্ত্রাসবাদকে বোঝানোর জন্য 'ফিৎনা' ও 'ফাসাদ' শব্দ ব্যাবহার করা হয়েছে । আর আল্লাহ পাক তো বলেই দিয়েছেন, 'তোমরা পৃথিবীতে সন্ত্রাস ছড়াবে না নিশ্চয় আমি আল্লাহ সন্ত্রাসবাদীদের পছন্দ করি না ।'

নবী মুহাম্মাদ (সাঃ) এর যখন ১৭ বছর বয়স ছিল তখন তিনি সামাজিক শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠা ও অন্যায় প্রতিরোধের জন্য 'হিলফুল ফুযুল' নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করেন ।

এই সংস্থায় শর্ত ছিল,

১) আমরা দেশ থেকে অশান্তি দুর করব ।
২) আমরা পথিকবৃন্দে জান মালের নিরাপত্তা নিশ্চিত করব ।
৩) আমরা কোন যালিম ব্যাক্তিকে মক্কায় আশ্রয় দেব না ।

৩) আমরা কোন যালিম ব্যাক্তিকে মক্কায় আশ্রয় দেব না ।
৪) আমরা অভাবগ্রস্থদের সাহায্য করব এবং
৫) আমরা নির্যাতিত ব্যাক্তিকে সাহায্য করব ।

ঐতিহাসিক গীবনের মতে আইয়্যামে জাহিলিয়াহ অর্থাৎ অন্ধকার যুগে ১৭০০ যুদ্ধ হয় এবং মহানবী (সাঃ) এর ধর্মীয় বিপ্লবের ফলে সমাজ থেকে সকল প্রকার সন্ত্রাসের মূলৎপাটন হয় এবং সমাজে শান্তি প্রতিষ্ঠা হয় । যেসব যুবকরা সন্ত্রাসবাদী ছিল তারা মুহাম্মাদ (সাঃ) এর সংস্পর্শে এসে চরিত্রবান হয়ে ওঠে । ফলে সমস্ত শিরক, ফিসক, কুফরীতে আচ্ছন্ন যুবসমাজ সোনার মানুষে পরিণত হয় এবং সমস্ত প্রকার সন্ত্রাবাদের নির্মূল হয় ।

সন্ত্রাসবাদ ও জিহাদ

'জিহাদ' শব্দের অর্থ হল ধর্মযুদ্ধ । অর্থাৎ ইসলাম প্রসারের জন্য এবং শান্তি প্রতিষ্ঠার জন্য ধর্মযুদ্ধ করাকে জিহাদ বলা হয় । অনেকে জিহাদ ও সন্ত্রাসবাদকে এক বলে মনে করেন । কিন্তু সন্ত্রাসবাদ ও জিহাদ এক নয় । সন্ত্রাসবাদ হল ন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম করে অশান্তি বিস্তার করা এবং জিহাদ হল সন্ত্রাসের বিরুদ্ধে অস্ত্রধারণ করে ধরণীকে সন্ত্রাসমুক্ত করা । সুতরাং সন্ত্রাসবাদ ও জিহাদ কোনোদিনই এক হতে পারে না ।

হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেছেন, "এখানে 'হাক্কাহ জিহাদিহি' অর্থ হল-জিহাদে পূর্ণ শক্তি ব্যয় করা এবং তিরস্কারকারীর তিরস্কারে কর্ণপাত না করা ।" হযরত ইবনে মুবারক (রহঃ) বলেন, "এখানে জিহাদ নিজ প্রবৃত্তি ও অন্যায় কামনা - বাসনার বিরুদ্ধ জিহাদ করা বোঝানো হয়েছে ।"

কাফেরদের বিরুদ্ধেও মুসলমানরা বিতর্ক, কর্ম ও সর্বপ্রকার সম্ভাব্য শক্তি ব্যয় করে সেই যুদ্ধকেও জিহাদ বলা হয় । আল্লাহ পাক কুরআন শরীফে বলেছেন, "হে মুমিনগণ, আল্লাহকে ভয় কর, তাঁর নৈকট্য অন্বেষণ কর এবং তাঁর পথে জিহাদ কর ।" অন্য আয়াতে আল্লাহ বলেছেন, "হে নবী, কাফের এবং মুনাফিকদের সাথে জিহাদ করুন । তাদের সাথে কঠোরতা অবলম্বন করুন ।" আল্লাহ পাক আরও বলেছেন, "তোমরা আল্লাহর পথে জিহাদ কর যেভাবে জিহাদ করা উচিৎ ।"

আল্লাহপাক আরও বলেছেন, "আর লড়াই (কিতাল) কর আল্লাহর ওয়াস্তে তাদের সাথে যারা লড়াই করে তোমাদের সাথে । অবশ্য কারো প্রতি বাড়াবাড়ি করো না । নিশ্চয়ই আল্লাহ সীমালঙ্ঘনকারীদের পছন্দ করেন না । আর মুশরিকদের বিরুদ্ধে তোমরা যুদ্ধ কর (কিতাল কর) সমবেতভাবে যেমন তারাও তোমাদের সাথে যুদ্ধ করে সমবেতভাবে ।"

এই কিতাল বা জিহাদ দুই ধরণের -১) আত্মরক্ষামূলক জিহাদ ও ২) আক্রমানাত্মক জিহাদ । বর্তমানে ভারতবর্ষে আত্মরক্ষামূলক জিহাদই করনীয় । আর এই আত্মরক্ষামূলক

জিহাদ প্রত্যেক জাতির অধিকার। জায়দ ইয়াসীন জিহাদের অর্থ এভবে তুলে ধরেছেন- Jihad in its trust and purest from. The from to which all Muslims aspire, is the determination to do right. To do justice even against your own interests. It is an individual struggle for personal moral behaviour. Especially today it is struggle that wxists. Public service and social justice on a global scale. It is a struggle involving people of all ages. Colors and creeds, for control of the big decisions, not only who controls what piece of land, but more importantly who gets medicine and who can eat.

হযরত মুহাম্মাদ (সাঃ) জীবনে বহু ধর্মযুদ্ধ বা জিহাদ করেছেন। জিহাদ সম্পর্কে তিনি বলেছেন "মহিলা ও শ্রমিকদের হত্যা করো না।" অন্যত্র বলেছেন, "বৃদ্ধ, বৃদ্ধা, শিশুদের হত্যা কর না।" মুহাম্মাদ (সাঃ) যখন যুদ্ধে যেতেন তখন তিনি শত্রুদেরকে রাত্রে আক্রমণ করতেন না কেননা তিনি রাত্রে ঘুমন্তদের উপর আক্রমনের বিরোধী ছিলেন। যারা মুসলামানদের কাছে যুদ্ধে পরাজিত হয়ে যেত তাদের সঙ্গে তিনি নম্র ব্যাবহার করতেন। তাদেরকে খেজুর ও বার্লির খাবার দেওয়া হত। যারা হত দরিদ্র হত তাদেরকে ছেড়ে দেওয়া হত। হিন্দা নামে একজন মহিলা নবী হযরত মুহাম্মাদ (সাঃ) এর চাচা হযরত হামযা (রাঃ) এর কলিজা টেনে ছিঁড়ে বের করে চিবিয়ে চিবিয়ে খেয়েছিল এবং হযরত হামযা (রাঃ) এর নাড়িভুড়ি বের করে নিজের গলায় মালার মতো পরে বেড়াতে থাকে। এত চরম নৃশংস ব্যাবহার করা সত্যেও মহানবী (সাঃ) হিন্দাকে হত্যা করতে নিষেধ করেন। কেননা তিনি মহিলাদের আক্রমনের বিরোধী ছিলেন। পরবর্তীকালে এই হিন্দা ইসলাম কবুল করেছিল।

ঐতিহাসিক মানবেন্দ্র নাথ রায় লিখেছেন, "আসলে মহাপুরুষ হযরত মুহাম্মাদ (সাঃ) এর অনুশাসিত ইসলামের আকস্মিক উত্থান এবং নাটকীয় বিস্তৃতি মানব জাতির সভ্যতার ইতিহাসে একটা বিরাট চমকপ্রদ অধ্যায়।.......আরব ব্যাবসায়ী অর্থনৈতিক স্বার্থ সঞ্জাত এই একেশ্বর-বাদীতার অযথা রক্তপাতের বিরোধী ছিলো। ব্যাবসা বানিজ্যের পথ যেসব দেশ দিয়ে গিয়েছে, সেগুলোকে জয় করে অখন্ড আরব রাজ্যের মধ্যে আনতে হবে। বিজিত জাতি যধি নতুন ধর্ম গ্রহণ করে, তাহলে সে উদ্দেশ্য আরও ভালভাবে সিদ্ধ হবে - কেননা তখনই এক বিরাট একেশ্বরবাদী রাষ্ট্রও এক দৃঢ় ভিত্তিতে গড়ে উঠবার সুযোগ পাবে। পণ্য দ্রব্যের উৎপাদন আর তার বন্টন (Onsumption) ব্যাবসায়ে অপ্রয়োজনীয় অঙ্গ। সে কারণেই কোরআনকে না মানার অপরাধ কৃষক বা শ্রমিক সাধারণকে হত্যা করা কিংবা ঐশ্বর্য্যশালী নগরগুলোকে ধ্বংস করা ইসলামের ঐতিহাসিক ভূমিকায় সম্পূর্ণ বিরোধী ছিল। এই নব ধর্মমতের বিশ্বাসীদের প্রতি আনুগত্য স্বীকার করানোই ছিল তাদের বড় কথা। আল্লাহর রসুলের অনুচরদের অধীনে অবিশ্বারীরা নিজেদের ধর্ম বজায় রাখতে পেরেছে আর পেরেছে নিজেদের বিকৃত পুজার্চনাও চালিয়ে যেতে।"

"জেরুজালেম যখন হযরত ওমর ফারুক (রাঃ) এর কাছে আত্মসমর্পন করে, তখন বিজিত নগরীর অধিবাসীদের সমস্ত স্থাবর সম্পত্তি তাদেরই অধীনে ছিল আর তাদের ধর্মীয় স্বাধীনতা ক্ষুন্ন হয়নি। খ্রীষ্টানদের ধর্মযাজক ও গোষ্টীপতিসহ বসবাসের জন্য নগরের

অংশবিশেষ ছেড়ে দেওয়া হলো। আর এই আশ্রয় দেওয়ার জন্য খ্রীষ্টান সম্প্রদায়ের কাছ থেকে সামান্য স্বর্নমুদ্রা কর হিসেবে ধার্য করা হয়েছিল। বিজয়ী মুসলমানরা পবিত্র নগরী জেরুজালেম খ্রীষ্টান সম্প্রদায়ের জন্য তীর্থযাত্রার অধীকার ক্ষুন্ন তো করেইনি বরং তীর্থযাত্রার জন্য আগ্রহই প্রদর্শন করেছে। এরপর চারশত ষাট বছর পরে যখন জেরুজালেম খ্রীষ্টানদের অধীনে ফিরে এলো, তখন প্রাচ্যের খ্রীষ্টানরাই আরবীয় খলিফাদের সদাশয় গভর্ণমেন্টের অবসানে যথেষ্ট দুঃখবোধ করেছিল।"

মানবেন্দ্র নাথ রায় আরও লিখেছেন, "এক আল্লাহর একনিষ্ঠ সেবকদের কাছে জরথুস্টের প্রাচীন ধর্ম আর তার 'ভালো' 'মন্দের' চিরন্তন সংঘর্ষমূলক মারাত্মক দৈত্যনীতি বিশেষ অপ্রীতিকর ছিলো। তবুও বিজয়ী আরবদের সহনসীলতা থেকে উক্ত মতবাদে বিশ্বাসী পারসীরা একেবারে বঞ্চিত হয়নি। হিজরীর তৃতীয় শতাব্দীতেও সাধারণ মসজিদের পাশে অগ্নি দেবতার প্রাচীন মন্দির জাঁকজমকের সঙ্গেই সোভা পেয়ে এসেছে। ইসলামের তলোয়ারের আক্রমণে প্রাচীন ধর্ম - বিশ্বাসের উপরে প্রতিষ্ঠিত এই মন্দির চুড়া ধ্বংস হয়নি। ধ্বংস ও অবলুপ্তি হয়েছিল তার পুজারী ও উপাসকদের মন্দির ত্যাগের দরুনই। টাইগ্রিস থেকে ওক্রাস পর্যন্ত এই বিশাল ভূখন্ডের অধীবাসি পারসীরা যে বিস্ময়কর তৎপরতার সঙ্গে বিনা দ্বিধায় যেভাবে তাদের আবহমানকালের ধর্মবিশ্বাস ছেড়ে এই বিজয়ীদের (মুসলমানদের) ধর্ম গ্রহণ করেছে, কোন রকমের বলপ্রয়োগের দ্বারা তা সম্ভবপর হতো না।"

তিনি আরও বলেছেন, "প্রাচীন বিশ্বাসে ঘুন ধরে গিয়েছিল। এটা সুসংস্কৃত ও আলোকসম্পন্ন জাতির আধ্যাত্মিক ক্ষুধা তা আর মেটাতে পারছিল না। 'সুর্য ও অগ্নির' আলোকোজ্জ্বল দীপ্তি 'আহরিমানে'র আপাত প্রায় ভীতিপ্রদ ছায়ায় রাহুগ্রস্ত হতে বসেছিল। তাই পারস্যের জনগন অনন্ত কল্যানকারী নীতির ঘোর অত্যাচারের হাত থেকে মুক্তির বানীবাহক হিসাবে মোহম্মদের সহজ একেশ্বর-বাদীতাকে গ্রহণ করে নেয়। আলেকজান্দ্রীয়া থেকে কার্থেজ পর্যন্ত সমগ্র উত্তর আফ্রিকাই একমাত্র অঞ্চল, যেখানে ইসলামের প্রসারের সঙ্গে খ্রীষ্ট ধর্ম একেবারে নিশ্চিহ্ন হয়ে যায়। কিন্তু সেখানেও এই যুগান্তকারী ধর্ম - বিপ্লবের কারণ নতুন ধর্মের সহনসীলতার অভাব নয়, পুরাতন ধর্ম - বিশ্বাসের জীর্নতাপ্রাপ্তি আর তা অবশ্যম্ভাবী বিশৃঙ্খলার পরিণতিতে।"

তাই মানবেন্দ্রনাথ রায় বলেন, "আরবের উন্নতি এবং প্রসার একমাত্র তলোয়ারের দ্বারা সম্ভব হয়েছিল - এ ধারণা একেবারেই ভ্রান্ত। তরবারী একটা জাতীয় জীবনে স্বীকৃত মতবাদ হয়তো বদলে দিতে পারে কিন্তু একথা খুবই সত্য, তা কোনদিনই মানুষের বিবেক বুদ্ধিকে প্রভাবিত করতে পারে না।"

জনৈক ঐতিহাসিক বলেন, "যেখানেই আরবরা খ্রীষ্টানদের কোন জাতিকে পরাজিতে পরাজিত, তার প্রত্যেক ক্ষেত্রে ইতিহাস দুর্ভাগ্যক্রমে প্রমাণ করে দেয় যে, বিজিত জাতির জনগণ ইসলামের দ্রুত প্রসারের প্রতি সাহানুভূতি জানিয়েছে। অধীকাংশ খ্রীষ্টান সরকার

সমূহের অবশ্য লজ্জার কথা যে, বিজয়ী আরবদের শাসন - প্রনালীর তুলনায় তাদের শাসন - প্রনালী ছিলো মিশরীয় খ্রীষ্টানদের তাদের দেশকে আরবদের অধীনে নিয়ে যেতে প্রভূত সাহায্য করলো আর খ্রীষ্টান বেরবেররা মুসলমানদের আফ্রিকা বিজয়ে তাদের সঙ্গে অংশগ্রহণ করে। কনস্টান্টিনোপল সরকারের বিরুদ্ধে এই জাতিগুলোর যে তীব্র ঘৃনা, তারই ফলে তারা মুসলিম শাসনকে বরন করে নিলো আর অভিযাতদের বিশ্বাসঘাতকতা এবং সাধারণ উদাসীনতা স্পেন ও দক্ষিন আফ্রিকাকে আতি সহজেই পদানত করে দিলো।" (History of the Byzantine Empire)

"এর পূর্বে আরব রাষ্ট্রের হদিস কেউ কোনদিন পায়নি, তাদের সুসংগঠিত সেনাবাহিনী বা রাজনৈতিক আদর্শের কথা কেউ কোনদিন শোনেনি। আরবরা ছিল কবি স্বপ্ন-বিলাসী, তারা করতো যুদ্ধ আর ব্যাবসা। তারা রাজনীতির ধার ধারতো না, যে ধর্মের পুজারী তারা ছিলো, তার মধ্যে একীকরণের কিংবা স্থিতির কোন শক্তিই কিনদিন তারা প্রত্যক্ষ করেনি। বহু দেববেবীর উপাসনা করতো তারা - তাও অত্যান্ত জঘন্যভাবে। অথচ কিছুকাল পর এই অন্ধ অসভ্যেরাই জগতে একটা বৃহত্তম শক্তির অধিকারী হয়ে উঠলো - সিরিয়া এবং মিশর করলো জয়, পারস্যকে করলো পদানত এবং ইসলামে দীক্ষিত পশ্চিম তুর্কিস্তান এবং পাঞ্জাবের কতকাংশের উপর করলো অধোপত্য বিস্তার। বাইজান্টাইন এবং বেরবের জাতির (Berbers of Algeria) কাছ থেকে আফ্রিকা নিল ছিনিয়ে, আর স্পেন নিলো ভিসিগথদের কাছ থেকে কেড়ে। পশ্চিম কনস্টান্টিনোপলের পূর্ব প্রান্ত ফ্রান্স তাদের ভয়ে কেঁপে উঠলো। আলেকজান্দিয়া ও সিরিয়ার বন্দরগুলিতে তাদের জাহাজ হলো তৈরী, ভুমধ্যসাগরে নির্ভয়ে করলো চলাফেরা, গ্রীক দ্বীপগুলিকে করলো লুট আর বাইজান্টাইন সাম্রাজ্যের নৈশক্তিকে জানালো প্রতিদ্বন্দিতার আহ্বান। একমাত্র পারস্যবাসীরা ও অ্যাটলাস পার্বত্য অঞ্চলের বেরবের-রা ছাড়া তাদের তেমন কোন বাধাই কেউ দিতে পারলো না। এত সহজে তারা কৃতকার্য হলো যে অষ্টম শতাব্দীর শুরুতে এই প্রশ্নই সকলের মনে জাগলো - সত্যি তাদের এই অবাধ জয়ের পথে আর কোন বাধাই দেওয়া যাবে না। ভুমধ্যসাগরের উপর রোমকদের আধিপত্য গেল নষ্ট হয়ে। য়ুরোপের এক প্রান্ত হতে অপর প্রান্ত সর্বত্র সারা খ্রীষ্টজগৎ প্রাচ্যের এক নবীন বিশ্বাসের উপরে প্রতিষ্ঠিত নতুন প্রাচ্য সভ্যতার সামনে দাঁড়িয়ে অবাক বিস্ময়ে চেয়ে রইলো।" (H. A. L. Fasher-A History of Europe (pp. 137-8)

মানবেন্দ্র নাথ রায় বিস্ময় প্রকাশ করে লিখেছেন, "এ যেন এক ভীষন ঐন্দ্রজালিক কান্ড! কিভাবে এতবড় আজগুবি ব্যাপার সম্ভব হলো এ প্রশ্নের মীমাংসা করতে গিয়ে ঐতিহাসিকরা আজও হতভম্ব হয়ে যান।"

সুতরাং ভারতীয় গোয়েন্দাবাহিনীদেরকে জানাই মাদ্রাসায় আর জিহাদী পুস্তক খোঁজার জন্য খানাতল্লাসী চালাতে হবে না। কেননা, মাদ্রাসায় বর্ণপরিচয় থেকে নিয়ে শেষ পর্যন্ত জিহাদের শিক্ষা দেওয়া হয়। তাহলে আপনারা কি পারবেন ভারতবর্ষ থেকে মাদ্রাসা শিক্ষাকে বাজেয়াপ্ত করতে ? একবার চেষ্টা করে দেখুন দেখবেন মাদ্রাসা শিক্ষাকে বাজেয়াপ্ত তো করতে পারবেন না বরং আপনাদের অস্তিত্বই মিটিয়ে দেওয়া হবে। কেননা আপনাদের পূর্বসূরী ইংরেজরা এসেছিল মাদ্রাসাশিক্ষাকে খতম করার জন্য কিন্তু আজ তো তাদের এদেশে অস্তিস্ব তবে নেই মাদ্রাসা শিক্ষা রয়ে গেছে। আর তাদের উত্তরসূরী হয়ে আপনারা যদি মাদ্রাসাকে উচ্ছেদ করার অপপ্রয়াস করেন তাহলে আপনাদের অস্তত্বও শেষ হয়ে যাবে।

গযওয়ায়ে হিন্দ বা ভারতবর্ষে জিহাদ

আল্লাহর রসুল (সাঃ) ভারতবর্ষে যুদ্ধাভিযানের সুসংবাদ শুনিয়েছেন। তিনি এমন যুদ্ধের সুসংবাদ দিয়েছেন যাতে শুধুমাত্র অংশগ্রহণ করলেই দোযখ থেকে মুক্তিলাভ করা যাবে। ইমাম

নাসাই (রহঃ) তাঁর সুনান গ্রন্থে 'গাযওয়াতুল হিন্দ' শিরোনামে, ইমাম তিবরানী মু'জাম গ্রন্থে সহীহ সনদে উল্লেখ করেছেন, রসুলুল্লাহ (সাঃ) থেকে সাওবান মাওলা (রাঃ) বর্ণনা করেছেন, আমার অনুসারীদের দুটি গোষ্ঠিকে আল্লাহ জাহান্নামের আগুন থেকে সুরক্ষিত রেখেছেন । প্রথমত যারা ভারতর্ষে জিহাদ করবে, দ্বিতীয়ত যারা হযরত ইসা (আঃ) এর সঙ্গে থাকবে । (সুনানে নাসাই, খন্ড-২, পৃষ্ঠা-৬৩)

অন্য বর্ণনায় আছে যে হযরত আবু হুরাইরা (রাঃ) বর্ণনা করেছেন, রসুলুল্লাহ (সাঃ) আমাদের কাছে ভারতবর্ষের গযওয়ার প্রতিশ্রুতি নিয়েছেন । আমি তাতে শরীক হলে ধন-প্রাণ ব্যয় করব । যদি তাতে মারা যাই, উচ্চ স্তরের শহীদ রুপে গন্য হব । আর যদি জীবিত ফিরি তবে আবু হুরাইরা জাহান্নাম থেকে মুক্ত হবে । (সুনানে নাসাই, মুসনাদে ইমাম আহমদ বিন হাম্বল, ইমাম আসাকির ও ইবনে কাসীর 'গাযওয়া হিন্দ' বিষয়ক হাদীস বর্ণনা করেছেন । আল বিদায়া ওয়ান নিহায়া, খন্ড- ৯, পৃষ্ঠা-৯৫ এর মধ্যে আছে - 'গাযওয়ায়ে হিন্দ' বিষয়ক হাদীস জানা যায়, যা বর্ণনা করেছেন হাফিয ইবনে আসাকির প্রমুখ । গোলাম আলী আযাদ উপরের দুটি হাদীসই বিশদভাবে উল্লেখ করেছেন সাবহাতুল মারজান গ্রন্থের ২১ নং পৃষ্ঠায় । খিলাফতে রাশেদা ঐর হিন্দুস্তান নামক পুস্তকের ৩৬ পৃষ্ঠায়ও এই হাদীস রয়েছে । তথ্যসূত্র ঃ হিন্দুধর্মের গোপন কথা, প্রনেতা - মাওলানা শামস নাবীদ উসমানী)

এই হাদীসটির পর্যালোচনা

এইসব হাদীস থেকে স্পষ্ট বোঝা যায় যে যারা ভারতবর্ষে জিহাদ করবে তাদের শরীর জাহান্নামের আগুন স্পর্শ করবে না এবং তারা উত্তম শহীদদের মধ্যে অন্তর্ভূক্ত হবে ।

ভারতবর্ষে জিহাদের হুকুম আল্লাহর নবী (সাঃ) দিয়েছেন তার মানে এই নয় যে যেকো সময় তরবারী নিয়ে সরকারের বিরুদ্ধে যুদ্ধ করা বা সাধারণ হিন্দুদেকেকে হত্যা করা জায়েজ হয়ে যাবে । কারণ শরীয়াতের হুকুম হল সরকার যদি ইসলামের বিরুদ্ধে কোন ফরমান জারী না করে বা মুসলমানদেরকে অত্যাচার না করে তাহলে সেই দেশের মুসলমানবদের জন্য অস্ত্রের দ্বারা জিহাদ করা জায়েয নয় ।

শরীয়াতের দৃষ্টিতে রাষ্ট্র হল তিন প্রকার, (১) দারুল ইসলাম, (২) দারুল আমান ও (৩) দারুল হারব ।

(১) দারুল ইসলাম ঃ 'দারুল ইসলাম' বলা হয় সেই রাষ্ট্রকে যে রাষ্ট্রে সম্পূর্ণ ইসলামী শরীয়াত কায়েম আছে এবং কুরআন ও হাদীসের ফায়সালা অনুযায়ী দেশের সংবিধান রচিত এবং শরীয়তের হুকুম অনুযায়ী দেশ শাসন হয় এবং মুসলমান ও অমুসলমানদের সমস্ত রকমের সুরক্ষা ব্যাবস্থা সেখানে মজুত আছে । এই রাষ্ট্রে সরকার ও শাসকের বিরুদ্ধে অস্ত্রের দ্বারা জিহাদ করা হারাম । যদি কেউ ইসলামী রাষ্ট্রে সরকার শরীয়াত মেনে চলে জানা সত্যেও

জিহাদ করে তাহলে সে দেশদ্রোহী । তার শাস্তি হওয়া উচিৎ । দারুল ইসলাম হল, সৌদী আরব, ইয়ামেন, কাতার প্রভৃতি । এইসব দেশে জিহাদ করা হারাম ।

(২) দারুল আমান ঃ 'দারুল আমান' বলা হয় সেই রাষ্ট্রকে যে রাষ্ট্রে শরীয়াতী আইন চালু না থাকলেও মুসলমানদের জন্য সমস্ত রকম ধর্মীয় সুযোগ সুবিধা আছে । মুসলমানদের ধর্মীয় ব্যাপারে রাষ্ট্রে হস্তক্ষেপ করে না । এইসব দেশের শাসক অমুসলিম মতো মুসলমানদেরকে সরকারী কাজে নিয়োগ করে এবং কোন রকম দ্বিচারিতা করে না । এইসব দেশকে বলা হয় দারুল আমান । দারুল আমানে সরকারের বিরুদ্ধে জিহাদ করা জায়েয নয় । বরং সরকার ও সংবিধান মান্য করা উচিৎ । সংবিধান মান্য করে কলমের জিহাদ, ধর্মীয় আন্দোলন, অধিকারের আন্দোলন করা যেতে পারে । এটা মানুষের মৌলিক অধিকার । দারুল আমানের উদাহরণ হল, ভারতবর্ষ । ভারতবর্ষে বর্তমানে মুসলমানদের জন্য অস্ত্রের দ্বারা জিহাদ করা যাবে না ।

৩) দারুল হারব ঃ 'দারুল হারব' বলা হয় সেই রাষ্ট্রকে যে রাষ্ট্রে শরীয়াতি আইন তো চালু নেই বরং মুসলমানদের কোন ধর্মীয় অধিকারও নেই । এই রাষ্ট্রে মুসলমানদের উপর উৎপীড়ন করা হয় । জোর করে মুসলমানদেরকে অন্য ধর্মে ধর্মান্তরিত করা হয় । মুসলমান মেয়েদের ইজ্জত লুন্ঠন করা হয় । মসজিদ ভাঙা হয় । কুরআন শরীফে পাবন্দী লাগানো হয় । এককথায় যে রাষ্ট্রে মুসলমানদের কোনরকমের ধর্মীয় ও মৌলিক অধিকার নেই সেই রাষ্ট্রকে বলা হয় দারুল হারব । এই দারুল হারবে মুসলমানদের জন্য জিহাদ করা ফরজ হয়ে যায় । দারুল হারবের হুকুম হল হয় জিহাদ করতে হবে তা নাহয় দেশ ত্যাগ করে অন্য দেশে হিজরত করতে হবে । দারুল হারবের উদারহণ হল ফ্রান্স । কেননা এখানে ইসলামের গুরুত্বপূর্ণ ফরয বিধান বোরকা নিষিদ্ধ ঘোষনা করা হয়েছে । এই দেশের মুসলমানদের জন্য হয় জিহাদ করতে হবে নাহয় হিজরত করতে হবে ।

এখন আমরা দেখব ভারতবর্ষ দারুল হারব কিনা । আমাদের উলামায়ে কেরামগণ এখনো পর্যন্ত ভারতবর্ষকে দারুল হারবের ফতোয়া দেন নি কেননা ভারতবর্ষের মুসলমানদের জন্য ধর্মীয় স্বাধীনতা এখনো ক্ষুন্ন হয়নি । সংবিধানে মুসলমানদের জন্য সবরকম মৌলিক অধিকার রয়েছে । যদিও সাচার কমিটির রিপোর্ট আসার পর এটা আমরা বুঝতে পেরেছি ভারতবর্ষের ভারতবর্ষের মুসলমানরা অন্যান্য জাতির তুলনায় অনেকটা পিছিয়ে তবুও ভারতবর্ষকে আলাদের উলামারা দারুল হারব বলে ফতোয়া দেন নি । কারণ এই সমস্যার সাংবিধানিক পদ্ধতিতে সমাধান করা সম্ভব । তাই আমাদের উচিৎ আইনকে সামনে রেখে সাংবিধানিক পদ্ধতিতে সরকারের উপর চাপ সৃষ্টি করে মুসলমানদের এই পিছিয়ে পড়াটাকে যেন দুর করা হয় ।

একটা সময় ছিল যখন হযরত শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিস দেহলবী (রহঃ) এর সুযোগ্য পুত্র হযরত শাহ আব্দুল আজিজ মুহাদ্দিস দেহলবী (রহঃ) ভারতবর্ষকে দারুল হারব বলে

ফতোয়া দিয়েছিলেন । এই ফতোয়াকে কেন্দ্র করে তৎকালীন ভারতবর্ষের মুসলমান ও অন্যান্য উলামায়ে কেরামগণ ইংরেজদের বিরুদ্ধে জিহাদ ঘোষনা করেছিলেন এবং শ্যামলীর ময়দানে মাওলানা কাসেম নানুতুবী (রহঃ) এর নেতৃত্বে ইংরেজ সৈন্যদের পর্যুদস্ত করেছিলে । এই ফতোয়াকে কেন্দ্র করেই মাওলানা হোসেন আহমদ মাদানী (রহঃ) রেশমী রুমাল আন্দোলন শুরু করেছিলেন এবং ১৮৫৭ সালে ৫৭ হাজার আলেম ফাঁসির কাষ্ঠে ঝুলেছিলেন । এবং এই প্রসঙ্গেই বৃটিশ ঐতিহাসিক উইলিয়াম হান্টার উলামায়ে কেরাম (দেওবন্দ) সম্পর্কে লিখেছেন, "আমাদের রাজত্ব করতে মুসলমানদের কোনো দলকে ভয় পাইনা । যদি ভয় হয় তো কেবলমাত্র একছত্র ওহাবী দলটাকে । কেননা তারাই আমাদের বিরুদ্ধে সংগ্রাম করে ।" (The Indian Muslims, Page-32)

এই ফতোয়াকে কেন্দ্র করেই যে আন্দোলন উলামায়ে কেরামগণ করেছিলেন তা আমি এর আগে 'স্বাধীনতা সংগ্রামে উলামায়ে কেরামদের অবদান' নামক শিরোনামে উল্লেখ করেছি ।

যখন ভারতবর্ষ স্বাধীন হল এবং ইংরেজরা এই দেশ থেকে পলায়ন করল তখন শাহ আব্দুল আজিজ মুহাদ্দিস দেহলবী (রহঃ) এর ফতোয়া স্থগিত হয়ে যায় এবং জিহাদের হুকুমও রহিত হয়ে যায় ।

এখন আমরা আমাদের দেশের রাষ্ট্রপ্রধানদের বলব, যেহেতু ইংরেজরা চলে যাওয়ার পর ভারতবর্ষ আর দারুল হারব নেই সেজন্য ভারতবর্ষে এখন আর আস্ত্রের জিহাদ করা চলবে না তার মানে এই নয় যে ভারতবর্ষকে ভবিষ্যতে আর উলামায়ে কেরামরা দারুল হারব বলে ফতোয়া দিবেন না । ইংরেজদের আমলে যেরকম মুসলমানদের উপর অত্যাচার করার জন্য শাহ আব্দুল আজিজ মুহাদ্দিস দেহলবী (রহঃ) দারুল হারবের ফতোয়া দিয়েছিলেন ঠিক সেই রকম যদি ভবিষ্যতে এদেশের মুসলমানদের উপর ইংরেজদের জামানার মতো অত্যাচার শুরু করা হয় এবং মুসলামানদের জান মালের উপর যদি আক্রমন শরু হয় তাহলে যে কোনদিন উলামায়ে কেরামগণ এই দেশকে দারুল হারব বলে ফতোয়া দিয়ে দিতে পারেন । আর যেদিনই এই দেশকে উলামাগণ দারুল হারব বলে ফতোয়া দিবেন সেই দিনই আমরা শাসকের বিরুদ্ধে অস্ত্র নিয়ে ময়দানে ঝাঁপিয়ে পড়ব । সেদিন কিন্তু মুসলমানদের তরবারীর আঘাত থেকে তাদেরকে কাউ বাঁচাতে পারবে না । আর একথা মনে করার প্রয়োজন নেই যে ভারতবর্ষে অন্যান্য জাতির তুলনায় মুসলমানদের সংখ্যা কম বলে আমাদের পরাজয় হবে । ইসলামের ইতিহাসের দিকে তাকিয়ে দেখুন আল্লাহর নবী (সাঃ) বদর যুদ্ধে মাত্র ৩১৩ জন সৈন্য নিয়ে ১০০০ কাফের সৈন্যকে পরাজিত করেছিলেন, উহুদ যুদ্ধে ৭০০ জন সৈন্য নিয়ে ৩০০০ কাফের সৈন্যদের পরাজিত করেছিলেন, ইয়ারমুকে ৪০,০০০ সৈন্য নিয়ে ২,৪০,০০০ সৈন্যকে পরাজিত করেছিলেন । ইসলামের ইতিহাস পাঠকারী প্রত্যেকেই জানেন মুসলমান সৈন্যদের থেকে কাফের সৈন্য অনেক বেশী ছিল তবুও ইসলামেরই জয় হয়েছে । সেজন্য ঐতিহাসিক মানবেন্দ্র নাথ রায় লিখেছেন, "আসলে মহাপুরুষ হযরত মুহাম্মাদ (সাঃ) এর অনুশাসিত ইসলামের আকস্মিক উত্থান এবং নাটকীয় বিস্তৃতি মানব জাতির সভ্যতার ইতিহাসে একটা বিরাট চমকপ্রদ অধ্যায় ।"

ঐতিহাসিক মানবেন্দ্র নাথ রায় আরও লিখেছেন, "জগতে যত অলৌকিক ঘটনা ঘটেছে, ইসলামের প্রসারতা তার মধ্যে সর্বশ্রেষ্ট । আগাস্টাসের রোমক সাম্রাজ্য বীর ট্রাজানের সাহায্যে পরবর্তী যুগে আরও বড় হয়েছিলো । সাতশত বছর ধরে বিরাট ও বিখ্যাত জয়ের উপরেই তার ভীত গড়ে উঠেছিলো । তবুও তা একশত বছরেরও কম সময়ে আরব সাম্রাজ্য যে ভাবে ফেঁপে উঠেছিলো, তার সমকক্ষতা লাভ করতে পারেনি । আলেকজান্ডারের রাজত্ব খলিফাদের সাম্রাজ্যের তুলনায় কিছুই নয় । প্রায় এক হাজার বছর পারস্য সাম্রাজ্য রোমের আক্রমনের বিরুদ্ধে টিকেছিলো কিন্তু দশ বছরেরও কম সময়েইসলামের তরবারির কাছে তাকে হার মানতে হয় । আধুনিক কোন ঐতিহাসিক ইসলামের এই অপরূপ ও অভিনব অলৌকিকত্ত্বে ব্যাখ্যা করতে প্রয়াস পাবেন কি ?" (Historical Role of Islam. M. N. Roy)

সুতরাং ইসলামের কাছে অসম্ভ কিছুই নয় । তাই আমরা বলব ভারতবর্ষকে যেন দারুল হারবে পরিণত না করা হয় । তানাহলে পরিণতি অবশ্যই খারাপ হবে । তবে বর্তমানে বিজেপির রাজেশ্বর সিং যে বলেছেন "ভারতে মুসলমান ও খ্রীষ্টানদের থাকার কোন অধিকার নেই ২০২১ সালে মধ্যে ভারত থেকে মুসলমান ও খ্রীষ্টানদের হিন্দুধর্মে রূপান্তরিত করে এই দেশকে হিন্দু রাষ্ট্রে পরিণত করা হবে ।" যদি তাই করার চেষ্টা করা হয় তাহলে এই দেশকে দারুল হারব ফতোয়া দিয়ে জিহাদের আগুন দাউ দাউ করে জ্বলবে । কারণ মুহাম্মাদ বিন কাসেমের উত্তরসুরীরা এখনো বেঁচে আছে ।

যদিও এদেরকে সন্ত্রাসবাদী ধরা হয় তবুও মাদ্রাসাকে দায়ী করা যায় না

বর্তমানে সারা বিশ্বে মোস্ট ওয়ান্টেড সন্ত্রাসবাদী (Most Wanted Terrorist) হিসাবে খ্যাত হলেন ওসামা বিন লাদেন, ড. আইমান আল জাওয়াহিরী, আবু বকর আল বাগদাদী, দাউদ ইব্রাহীম, মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ প্রভৃতিরা । যদিও আমরা এদেরকে তর্কের খাতিরে সন্ত্রাসবাদী হিসাবে ধরেও নিই তবুও মাদ্রাসাকে সন্ত্রাসবাদের আখড়া হিসাবে ধরা যেতে পারে না । কারণ মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ ছাড়া তাঁরা কেও মাদ্রাসায় পড়াশুনা করেন নি । মোল্লা ওমর যদিও মাদ্রাসায় পড়াশুনা করেছেন কিন্তু তিনি শেষ পর্যন্ত মাওলানা কোর্স পুরণ করেন নি । পড়তে পড়তে মাঝপথে ছেড়ে দিয়ে জিহাদের ময়দানে ঝাঁপিয়ে পড়েন । আর ওসামা বিন লাদেন মাদ্রাসায় পড়েন নি তিনি কলেজেই পড়াশুনা করেছেন । তিনি জেদ্দার কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং নিয়ে স্নাতক পাশ করেন এবং পরে বিজনেস ম্যানেজম্যান্ট নিয়েও স্নাতক করেন । তবে তাঁর ইসলামের ইতিহাসের জ্ঞান ছিল গভীর । ইসলামের উত্থান পতনের ইতিহাস গভীর ভাবে অধ্যায়ন করেন । অপরদিকে আল কায়দার বর্তমান চীফ ড. আইমান আল জাওয়াহিরী ১৯৬৮ সালে মিশরের কাইরো ইউনিভর্সিটি থেকে মেডিসিন নিয়ে পড়াশুনা করেন এবং ১৯৭৮ সালে স্পেশাল সার্জারীর (Specialized in Surgery) উপর স্নাতক করেন । পরে তিনি পাকিস্তান ইউনিভার্সিটিতে পড়াশুনা চালু রাখেন এবং অনার্সসহ সার্জারীতে পিএইচডি (Ph.D) করেন ।

অপরদিকে ভারতের কাছে মোস্ট ওয়ান্টেড সন্ত্রাসবাদী (Most Wanted Terrorist) দাউদ ইব্রাহীমও কোন মাদ্রাসায় পড়াশুনা করেন নি। তিনিও স্কুল কলেজেই পড়াশুনা করেছেন। এবং যে নিরপরাধ আজমল আমীর কাসাবকে চক্রান্তকারীরা চক্রান্ত সন্ত্রাসবাদী আখ্যা দিয়ে ফাঁসীর কাষ্ঠে ঝুলিয়ে দিল তিনিও কোন মাদ্রাসায় পড়াশুনা করেন নি তিনিও আমাদের মতো স্কুল কলেজের ছাত্র ছিলেন। এবং বর্ধমানের খগড়াগড় বিস্ফোরণের জন্য এন আই এ (NIA/National Investigation Agency) যাদেরকে 'জঙ্গি' (?) সন্দেহ করে পাকড়াও করছে তারাও কোন মাদ্রাসার ছাত্র নয়। তারা সকলেই স্কুল কলেজের ছাত্র। তাঁরা কেবলমাত্র পড়াশুনাই করেননি। জেনারেল শিক্ষায় সর্বোচ্চ ডিগ্রিও তাঁরা অর্জন করেছেন।

তাহলে যাঁরা মাদ্রাসাকে সন্ত্রাসবাদের আখড়া বলে মাদ্রাসা শিক্ষাকে উচ্ছেদ করতে চাইছেন তাঁরা এগিয়ে আসুন এবং পৃথিবীতে যত ম্যানেজম্যান্টে কলেজ আছে ও ইঞ্জিয়ারিং কলেজ আছে সেগুলোকে বোমা মেরে উড়িয়ে দিই কেননা আপনাদের কাছে মারাত্মক মোস্ট ওয়ান্টেট সন্ত্রাসবাদী (Most Wanted Terrorist) ওসামা বিন লাদেন এই কলেজে পড়াশুনা করেছেন এবং পৃথিবীতে যত ম্যাডিকেল কলেজ আছে সেগুলোকে উচ্ছেদ করি কেননা বর্তমান আল কায়দা চীফ ড. আইমান আল জাওয়াহিরী এই কলেজ থেকে সার্জারীতে পিএইচডি করেছেন, এবং পৃথিবীর সমস্ত সরকারী ইউনিভার্সিটিগুলোকে উপড়ে ফেলি কেননা এইসব ইউনির্সিটি থেকে আপনাদের নিকট তথাকথিত ভয়ানক সন্ত্রাসী (?) আবু বকর আল বাগদাদী পড়াশুনা করেছেন।

পারবেন এইসব কলেজগুলোকে খতম করতে ? আছে আপনাদের কলেজাই দম ? আপনারা পারবেন না। আপনারা পারতেই পারেন না। কেবল ইসলামকে সমালোচনা করতে পারবেন। মাদ্রাসাশিক্ষা নিয়ে কটাক্ষ করতে পারবেন। কিন্তু এই স্কুল কলেজগুলোকে সন্ত্রাসবাদের আখড়া বলে ফতোয়া দিয়ে বাজেয়াপ্ত করতে পারবেন না। আর বাজেয়াপ্ত করতে গেলে আপনাদের ছেলেমেয়েরা মুর্খ হয়ে মারা যাবে। ম্যাডিকেল কলেজে ডা. আইমান আল জাওয়াহিরী পড়াশুনা করেছেন বলে যদি তা বাজেয়াপ্ত করতে যান তাহলে আপনারা বিনা চিকিৎসার বেমত মারা যাবেন। আর আবু বকর আল বাগদাদী ইতিহাসে পিএইচডি করেছেন বলে ইউনিভর্সিটিগুলোকে বাজেয়াপ্ত করতে গেলে আপনাদের বাপদাদাদের ইতিহাসও খুঁজে পাবেন না।

সন্ত্রাসবাদ বৃদ্ধির কারণ

বর্তমান বিশ্বে সন্ত্রাসবাদ বৃদ্ধির সবথেকে বড় কারণ হল মার্কিন যুক্তরাষ্ট্র। মার্কিন যুক্তরাষ্ট্রই সারা বিশ্বে সন্ত্রাসবাদকে উসকে দিচ্ছে। আর মুসলিম বিশ্বে জিহাদী গোষ্টীর তৎপরতারও মূল কারণ হল মার্কিন যুক্তরাষ্ট্র। এর পিছনে যে কোন রাজনৈতিক নেই তা নয়। আমেরিকা দ্বারা সন্ত্রাসবাদকে উসকে দেওয়া ও জিহাদী গোষ্ঠীর উসকে দেওয়ার পিছনে মার্কিনীদের যে স্বার্থ কাজ করছে তা মুসলিম বিশ্বের তেল সমৃদ্ধ দেশগুলিতে নিয়ন্ত্রন আনা। এই মুসলিম বিশ্বের তেল সমৃদ্ধ দেশগুলিতে নিয়ন্ত্রন এনে আমেরিকা নিজ দেশে অর্থনৈতিক

উন্নয়ন আনতে চায় । আর তার এই চাওয়াতে মধ্যপ্রাচ্যের ইসলামিক বিশ্ব ধ্বংস হয়ে যাক তাতে আমেরিকার কোন পরোয়া নেই । আর আমেরিকার এই বেপরোয়াভাবে মুসলিম বিশ্বে অবৈধ আগ্রাসনের জন্য তাকে সারা পৃথিবীর এক নম্বর সন্ত্রাসবাদী দেশ হিসেবে গণ্য হতে হয়েছে ।

আমেরিকা সন্ত্রাসবাদী দেশ হিসেবে অবতীর্ন হবার দ্বিতীয় কারণ হল, অবৈধভাবে ক্ষমতাদখল । সে চায় না যে একমাত্র আমেরিকা ছাড়া আর কোন দেশ বিশ্বে সবথেকে বেশী শক্তিশালী দেশ হোউক । আর এই ক্ষমতাদখলের জন্য চালিয়েছে ইরাক ও আফগানিস্থানের মতো দেশে অবৈধ সন্ত্রাসবাদী আক্রমণ । তারা আক্রমণ করতে গিয়ে এতই নৃশংস হয়েছে যে বুশের আক্রমণে ইরাকের ৫০,০০০ নিরীহ শিশুই মারা গেছে । আফগানিস্তানে আক্রমণে হাজার হাজার নিরীহ মুসলমান মারা যান এবং বর্তমান আল কায়দা চীফ ড. শায়খ আইমান আল জাওয়াহিরীর স্ত্রী ও কন্যাসন্তান মারা যান । এই আক্রমনের পিছনে আমেরিকার মূল কারণ ছিল মুসলিম বিশ্বকে ক্ষমতাহীন করে দিয়ে নিজে একছত্র ক্ষমতার অধিকারী হওয়া । আর এই ক্ষমতাহীন করার জন্য পরমাণু অস্ত্র অনুসন্ধানের নাম করে দিনের পর দিন মুসলিম বিশ্বকে আক্রমণ করেছে ।

আর এই আমেরিকার মুসলিম বিশ্বে অবৈধ আগ্রাসনকে আটকাবার জন্য ও মুসলিম বিশ্বকে আমেরিকার থাবা থেকে বাঁচাবার জন্য জিহাদী গোষ্ঠী তৎপরতা বৃদ্ধি হয়েছে এবং বার বার আমেরিকা জিহাদী গোষ্ঠীর আক্রমণের শিকার হয়েছে । যাকে আমেরিকা সন্ত্রাসবাদী হামলা বলে চিহ্নিত করেছে । কিন্তু লক্ষ্য করলে দেখা যায় এই হামলার জন্য মূল দায়ী হল আমেরিকা । আমেরিকা যদি অবৈধভাবে মুসলিম বিশ্বে আক্রমণ না করত তাহলে আমেরিকা নিজে আক্রমণের শিকার হত না ।

আমেরিকার উদ্দেশ্য তারা নিজেরা পরমাণু বোমা তৈরী করবে তাতে কোন দোষ নেই কিন্তু মুসলমানরা বানালে মারাত্মক অপরাধ । ইজারাইলের প্রধানমন্ত্রী এহুদ এলমার্ট ৬/১২/২০০৬ সালে বিবিসিকে একটি সাক্ষাৎকারে বলেছেন, ‘‘আমাদের পরমাণু বোমা আছে’’ তাতে আমেরিকার কোন মাথাব্যাথা নেই কারণ ইজারাইল তাদের ক্রীতদাস কিন্তু ইরাকে সাদ্দাম হোসেন পরমাণু বোমা বানালে তার চোখ কপালে উঠে গেছে কারণ সাদ্দাম আমেরিকার অনুগত্য স্বীকার করতে চান নি । আমেরিকা সারা বিশ্বে অস্ত্র তৈরী করে ব্যাবসা করলে কোন ক্ষতি নেই কিন্তু মুসলমানরা করলেই তার আর সহ্য হয় না । করলে ইসলামী রাষ্ট্রগুলো শক্তধর রাষ্ট্রে পরিণত হয়ে যাবে আর আমেরিকা চায় না যে তারা ছাড়া আর কেউ পৃথিবীতে শক্তিশালী থাকুক । তারা চায় সারা বিশ্ব তাদের পদলেহী গোলাম হয়ে থাকুক । শায়খ ওসামা বিন লাদেন, মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ, ড. শায়খ আইমান আল জাওয়াহিরী আমেরিকাকে প্রভূ বলে স্বীকার করেন নি বলেই তারা সন্ত্রাসবাদী আর গুজরাটে হাজার হাজার মুসলমানের রক্তপানকাররী নরেন্দ্র মোদী আমেরিকার গোলাম বলে তিনি নাকি শান্তিকামী ।

ইরাক রাষ্ট্রসংঘের ১৭টি আদেশ মানে নি তাই তারা অপরাধী । আর ইজারাইল রাষ্ট্রসংঘের ৬৬টি আদেশ মানে নি তবুও তারা নির্দোষ । উত্তর কোরিয়া পরমাণু পরীক্ষা করেছে বলে সেই দেশের বিরুদ্ধে সর্বস্তরে অবরোধ তৈরী করেছে আমেরিকা । কেন এই দ্বিচারিতা ? এই দ্বিচারিতা কেউ মেনে নিতে পারে ? যে মানবে না সেই আমেরিকার কাছে সন্ত্রাসবাদী । যে মানবে সে শান্তিকামী । সে হয়ে যাবে শান্তিতে নোবেলজয়ী ।

আমেরিকার গোয়েন্দা সংস্থা হোয়াইট হাউসের ইন্টেলিজেন্স কমিটি ২০০৬ সালের এপ্রিল মাসে একটি রিপোর্ট পেশ করে প্রেসিডেন্ট জর্জ বুশের কাছে । এই রিপোর্টটির শিরোনাম "Trends in Global Terrorism: Implications for United States." এই রিপোর্টটি তৈরী করে আমেরিকার বাঘা বাঘা গোয়েন্দা বিশেষজ্ঞরা । তারা বলেছেন, "The American invasion and occupation has helped spawn a new generation of Islamic Radicalism and the overall terrorist threat has grown since the 9/11 attacts." এটা ইরাকের সম্পর্কে বলা হয়েছে । অর্থাৎ "ইরাকে আমেরিকা অভিযান চালিয়ে এবং ইরাকের ভূখন্ড দখল করে নতুন প্রজন্মের ইসলামী সন্ত্রাসবাদকে বাড়াতে সাহায্য করেছে এবং ৯/১১ এর আক্রমণের পর থেকে সামগ্রিক সন্ত্রাসবাদী হুমকী বেড়েছে ।"

রিপোর্টটি নিউইয়ার্ক টাইমস নিউজ সার্ভিস ২০০৬ সালের ২৪ সেপ্টেম্বর প্রকাশ করে এবং তা সারা বিশ্বের সংবাদ মাধ্যমেই প্রচারিত হয় । রিপোর্টে আরও বলা হয়েছে, Islamic radicalism, rather than being in retreat, has spread across the globe …. Iraq war is a reason for the diffusion of Jihad ideology. Iraq war has made the overall terrorist problem worse. অর্থাৎ "ইসলামী চরমতন্ত্র (বা সন্ত্রাসবাদ) দমন হওয়ার পরিবর্তে উল্টে বিশ্ব জুড়ে ছড়িয়ে পড়েছে । ......ইরাক যুদ্ধই জেহাদী মতাদর্শ ছড়িয়ে পড়ার অন্যতম কারণ । ইরাক যুদ্ধ সামগ্রিকভাবে সন্ত্রাসবাদ সমস্যাকে আরও বিপজ্জনক করে তুলেছে ।" (দেখুন The Times of India ২৫/৯/২০০৬)

তাহলে দেখুন আমেরিকার গোয়েন্দা সংস্থা স্বয়ং একথা বলছে যে জেহাদী গোষ্ঠীর (যাদেরকে আমেরিকা সন্ত্রাসবাদী বলে) বাড়বাড়ন্তের জন্য আমেররিকার সঙ্গে ইরাক যুদ্ধই দায়ী । আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট জুনিয়ার জর্জ বুশের পিতা সিনিয়ার জর্জ বুশ এবং আমেরিকার তৎকালীন ভাইস প্রেসিডেন্ট ডিক শেনী ছিলেন টেক্সাসের সবচেয়ে বড় তেল কোম্পানীর অন্যতম মালিক । জুনিয়ার জর্জ বুশের পিতা সিনিয়ার জর্জ বুশ ক্ষমতায় এসেই তেল উৎপাদক দেশগুলিকে ষড়যন্ত্র করে ধ্বংস করার চেষ্টা করেন । ১৯৯১ সালে মিথ্যা অজুহাতে তিনি ইরাকে আক্রমণ করেন । টন টন বোমা ফেলে ইরাকের প্রাচীন মেসোপটেমিয়া সভ্যতাকে ধ্বংস করা হয় । তবে বর্তমান বিশ্বের মতো তৎকালীন বিশ্ব এতো ক্ষমতাহীন ছিল না বলেই সেই অভিযান বন্ধ হয় । শেষ পর্যন্ত নির্বাচিত সরকারের হতেই ইরাকে ক্ষমতা থাকে । কিন্তু বুশের বাচ্চা বুশ ক্ষমতাই যখন আসেন তখন বিশ্ব মেরুদন্ডহীন ও আমেরিকার পদলেহীতে পরিণত হয়ে গেছে । তাই পিতা যা পরেন নি তাই পুত্র করে দেখিয়ে দেন । সুতরাং পুরো ইরাককেই দখল করে নেওয়া হল এবং তেল ভান্ডারগুলোকে আত্মসাৎ

করা হল। তার কারণ তখন আমেরিকার অর্থনীতি ডলারের পাশাপাশি ইউরোর উত্থান বিপন্ন করে তুলেছিল। ডলারের তুলনায় ইউরোর দাম ক্রমেই বেড়ে চলেছিল। সাদ্দাম হোসেন সমস্ত বানিজ্য ইউরোয় করার সিদ্ধান্ত নেন। ফলে প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ বাড়তে লাগল ইউরো অঞ্চলে। তাই ফ্রান্স, জার্মানী, নেদারল্যান্ডসে প্রচুর বিদেশী বিনিয়োগ আসতে লাগল। ইরান, সৌদী আরব ও ভেনেজুয়েলার মতো দেশগুলি ইউরোর বৃত্তের মধ্যে চলে আসে। তখন আমেরিকার লক্ষ্য হয়ে উঠল, তেল উৎপাদক দেশের সমিতি 'ওপেক' এর কার্টেলকে ভেঙে দেওয়া এবং পশ্চিম এশিয়ার কাতার, কুয়েতের মতো দেশকে নিয়ে তেলের বাজার দখল করা। আমেরিকার এই তেলের বাজার দখলে আমেরিকা বনাম পশ্চিম এশিয়ার ইরান - ইরাকের মতো দেশের লড়াই আপন নিয়মে খ্রীষ্টান ও মুসলমানদের মধ্যে যে প্রাচীন দ্বন্দ চলছিল তা জেগে উঠল। মুসলিম বিশ্বের শিল্পপতিরা ব্যাবসায় পদে পদে বাধা পেতে লাগলেন ফলে তারা প্রমাদ গণলেন। আমেরিকার এই অবৈধ আগ্রাসনের ফলেই শায়খ ওসামা বিন লাদেনের উত্থান হয় এবং তিনি প্রথমে আফগানিস্তানের হয়ে রাশিয়ার বিরুদ্ধে এবং পরে মুসলিম বিশ্বের হয়ে আমেরিকার বিরুদ্ধে জিহাদের দাবানল জ্বালিয়ে দিলেন। যা আমেরিকা সারা বিশ্বের সামনে লাদেনের এই উত্থানকে সন্ত্রাসবাদী হিসাবে আখ্যা দিতে লাগল। এবং আমেরিকার পোষ্যপুত্র দেশগুলিও লাদেনকে সন্ত্রাসী হিসেবে গন্য করতে পাগল। কারণ আমেরিকার পোষ্যপুত্ররা আমেরিকার ললিপপ খেতে ভালোবাসেন। আমেরকা যা শিক্ষা দেয় তাই তারা বাধ্য সন্তানের মতো মুখস্ত করে। যা খেতে দেয় তাই হজম করে। আমেরিকা তাদের গলায় বেড়ি (?) পরিয়ে যেরকম ঘুরোই সেরকম ঘুরে।

আমেরিকার এই অবৈধ প্রভূত্বকে ওসামা বিন লাদেনের মতো স্বাধীনচেতা ব্যক্তিত্বগণ মেনে নেন নি। তাঁরা আমেরিকাকে উচিৎ শিক্ষা দেওয়ার জন্য বরাবরই চেষ্টা করেছেন আর আমেরিকা সন্ত্রাসবাদ দমনের নাম করে হাজার হাজার মানুষকে হত্যা করেছে। যেখানে সেখানে যুদ্ধের দামামা বাজিয়েছে। আমেরিকা লক্ষ্য লক্ষ্য নিরীহ মুসলমানকে হত্যা করেছে। ১৯৯২ সালে যুগোশ্লাভিয়ায় আমেরিকার বাহিনী ৩ হাজার মানুষকে হত্যা করে। ১৯৯১ সালের ইরাক যুদ্ধে ২০ লক্ষ্য মনুষকে হত্যা করে। ২০০১ সালের আফগানিস্থান আক্রমণে অন্তত ২০ হাজার মানুষকে হত্যা করে। এরা সকলেই মুসলমান। আফগানিস্তান আক্রমণের সময় এই মার্কিন হায়েনা বাহিনী বর্তমান আল কায়দা চীফ ড. শায়খ আইমান আল জাওয়াহিরীর স্ত্রী ও কন্যাসন্তানকে হত্যা করে। স্বাভাবিক ভাবেই ধর্মপ্রাণ মুসলমানগণ তা সহ্য করবেন না। যার স্ত্রী ও সন্তানকে চোখের সামনে হত্যা করা হয় সে তো তার প্রতিশোধ নেবার জন্য উগ্র হয়েই উঠবে। এই জন্য তাকে দায়ী করা যেতে পারে না। এই প্রতিশোধের মানসে সে স্বাভাবিকভাবেই আমেরিকার উপর যেকোনভাবে আক্রমণের চেষ্টা করবে। যদি বুশের কন্যা লোরা বুশকে হত্যা করা হত তাহলে কি হত ?

মুসলমানদের উপর আক্রমণের জন্য ২০০১ সালের ১১ই সেপ্টেম্বরের পর থেকে জর্জ বুশ খামখেয়ালীভাবে ৫০০০০ কোটি ডলার খরচ করেছে যা ভারতীয় মূল্য হিসাবে ২৫ লক্ষ্য কোটি টাকারও বেশি। ২০০৩ সালে ইরাক আক্রমণ চালানোর পর আমেরিকার খরচ হয়েছে ৩৭,৫০০ কোটি ডলার। সমগ্র আমেরিকা জুড়ে একটাই কথা যে War on Terrorism তে

আমেরিকা পরাজিত হয়েছে। কিন্তু বুশ তা মানছেন না। জনমত সমীক্ষায় ৮০% লোক বলছে, আমেরিকার ক্ষতি হয়েছে। কিন্তু বুশ অনড়। 'নিউইয়ার্ক টাইমস' পত্রিকার কলমচি টমাস ফ্রিডম্যান ছিলেন ইরাক যুদ্ধের ভীষন সমর্থক। শেষ পর্যন্ত তিনি নিজ মত পরিবর্তন করে লিখেছেন, "The U.S is pursuing a failing strategy in Iraq snd the much promised victory is not happening and we cannot throw more good lives after good lives. It's time to rethink about plan B-how we might disengage with the least damage possible" (4/8/2006) অর্থাৎ "আমেরিকা ইরাকের পরাজয়ের কৌশল নিয়ে চলছে এবং বহু প্রতিজ্ঞা সত্ত্বেও আমাদের বিজয় হয়নি এবং আমরা আরও অমূল্য জীবন নষ্ট করতে পারিনা। এখন সময় এসেছে দ্বিতীয় পরিকল্পনার কথা ভাবার - কীভাবে সবচেয়ে কম ক্ষতি করে আমরা সরে আসতে পারি।"

'নিউইয়ার্ক টাইমস' পত্রিকায় লেবাননে ইজরাইলের হামলার পর এক লেবাননী ডাক্তার এবং তাঁর স্ত্রীর সাক্ষাতকার প্রকাশিত হয়। সেই সাক্ষাতকারে লেবাননী ডাক্তার দম্পতি বলেন, "We will killed every American for this. Every Shiite Muslim will kill Americans. We will grind them under our shoes." মানুষ কতটা উত্তেজিত হলে এই মন্তব্য করতে পারে চিন্তা করুন। এইসব ঘটনাই মুজাহিদীনদের জিহাদে অংশগ্রহণ করার জন্য প্ররোচিত করছে। যাকে বর্তমান বিশ্ব সন্ত্রাসবাদ বলে আখ্যায়িত করছে। ইংরেজিতে একটি কথা আছে "Every action has its reaction" অর্থাৎ প্রত্যেক ক্রিয়ার একটি প্রতিক্রিয়া আছে। স্বভাবতই মুসলিম বিশ্বে মার্কিন আগ্রাসন যত বাড়ছে জিহাদী গোষ্ঠীর তৎপরতাও বাড়ছে। সুতরাং বর্তমান বিশ্বে সন্ত্রাসবাদের মূল উৎস হল মার্কিন সাম্রাজ্যবাদ ও তার আগ্রাসন। সন্ত্রাসবাদ ততদিন দমন হবে না যতদিন না মার্কিনী আগ্রাসন বন্ধ হচ্ছে।

বিপ্লবী সন্ত্রাসবাদ ও জিহাদী সন্ত্রাসবাদ

স্বাধীনতা সংগ্রামের সময় বিপ্লবীরা ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সশস্ত্র সন্ত্রাসবাদী হামলা চালিয়েছিলেন ফলে আমাদের দেশ স্বাধীনতার মুখ দেখতে পায়। এই বিপ্লবী সন্ত্রাসবাদীরা মনে করত ইংরেজদের বিরুদ্ধে গুপ্ত হামলা করে, তাদের অফিসে বোমা বিস্ফোরণ করে তাদের মনে ত্রাস সৃষ্টি করতে হবে ফলে তারা সন্ত্রস্ত হয়ে দেশ ছেড়ে পালাবে। এই চিন্তাধারা বাস্তবায়িত করার জন্য ১৮৯৭ সালে মহারাষ্ট্রের পুনেতে দামোদর চাপেকর এবং বলিহারি চাপেকর নামে দুই ভাই মিলে দুইজন ইংরেজকে হত্যা করেছিল। ১৯০১ সালে মদনলাল ধিংড়া লন্ডনে স্যার উইলিয়াম কার্জন উইলিকে হত্যা করেন। তিনি বলেছিলেন, "মাতৃভূমির প্রতি অপমান ঈশ্বরের প্রতি অপমান। রক্ত নেওয়া ছাড়া কিছু করার নেই।" বাল গঙ্গাধর তিলক, লালা লাজপত রায়, অরবিন্দ এরা ছিলেন বিপ্লবী সন্ত্রাসবাদী ভাবধারার ব্যাক্তিত্ব। ১৯০৫ সাল থেকে ১৯৩৩ সালের বিপ্লবী আন্দোলনের পর্যালোচনা করে ব্রিটিশরাই গোপন রিপোর্টে লেখে যে Many Terrorists had made their political debut as civil resistor. অর্থাৎ অনেক সন্ত্রাসবাদীই রাজনৈতিক জীবন শুরু করেছিলেন সত্যাগ্রাহী হিসাবে।

এইসব ব্রিটিশবিরোধী সন্ত্রাসবাদীরা ১৯০২ সালে গুপ্তসমিতি গড়ে তোলেন এবং পরে যতীন্দ্রনাথ বন্দোপাধ্যায়ের উদ্যোগে যে বিপ্লবী সমিতি তৈরি হয় তার সমিতিতে ছিলেন প্রথিতযশা ব্যারিষ্টার প্রমথনাথ মিত্র, ব্যারোষ্টার চিত্তরঞ্জন দাশ এবং অরবিন্দ ঘোষ । তৎকালীন যুগে চিত্তরঞ্জন দাশকে বলা হত The best legal stried of the revolutionaries অর্থাৎ বিপ্লবীদের সবথেকে বড় ঢাল । এই বিপ্লবী সন্ত্রাসবাদীদের জন্য বিপ্লবী ত্রৈলক্যনাথ চক্রবর্তী লিখেছেন, ''ভারতবর্ষে কে প্রথম সন্ত্রাসবাদ প্রবর্তন করিয়াছে ? বৃটিশ গভর্নমেন্ট শঠতা - কপটতা - বিশ্বাসঘাতকতা দ্বারা, অন্যায়ভাবে বলপ্রয়োগ দ্বারা, ভারতবর্ষ অধিকার করিয়া সন্ত্রাসবাদ দ্বারা ভারতবর্ষ শাসন শোষন করিতেছে না কি ? কোন অধিকারের বলে বৃটিশ গভর্নমেন্ট ভারতবাসীর বুকের উপর জগদ্দল পাথরের ন্যায় বসিয়া আছে । একটা শান্তিপ্রিয় জাতিকে দাসত্ব শৃঙ্খলে আবদ্ধ করিয়া রাখা কি সন্ত্রাসবাদ নয় কি ? ফল কথা । গভর্নমেন্টের টেররিজমের ফলে যখন দেশবাসীর মধ্যে ডিমরেলিজেসন আসিয়াছিল, তখন আমরা বিপ্লবীরা কাউন্টার টেররিজম চালাইয়াছি ।'' বিপ্লবী ত্রৈলক্যনাথ চক্রবতীর এই কথাটি অত্যন্‌ত গুরুত্বপূর্ন । স্বাধীনতা সংগ্রামী হেমচন্দ্র কানুনগো 'বাংলার বিপ্লবের প্রচেষ্টা' নামক বইয়ে বলেছেন, ''আমরা ছিলাম নিছকই টেররিষ্ট ।'' বারিন্দ্রকুমার ঘোষ নিজের আত্মজীবনিতে বলেছেন, ''আমরা ছিলাম ধনীশ্রেনীর ভাড়াটিয়া গুন্ডা ।'' বিপ্লবী অনন্ত সিং 'চট্টগ্রাম যুব বিদ্রোহ' গ্রন্থে লিখেছেন, ''কিছুই জানা নেই । শুধু জানি ব্রিটিশকে হঠাতে হবে । মারব এবং মরব - এই আমাদের নীতি ।''

স্বাধীনতা সেনানী ব্রম্ভবান্ধব উপাধ্যায় 'সন্ধ্যা' পত্রিকা সম্পাদনা করতেন । তিনি তাঁর পত্রিকায় ব্রিটিশদের বিরুদ্ধে জোরালো ভাষায় লিখতেন । তিনি লিখেছেন, ''যেমন পারবে সরাসরি মার ফেরত দেবে । যদি কপালে একটা ঘুষি জোটে সঙ্গে সঙ্গে লাথি মেরে সে ঋণ পরিশোধ করতে ভুল যেন না হয় ।.....দ্বন্দক্ষেত্রে সঙ্গে সঙ্গে শত্রুর প্রাপ্য ফিরিয়ে দেওয়াই শ্রেষ্ট রীতি ।'' (১১ জানুয়ারী, ১৯০৭)

বিপ্লবী মাষ্টারদা সূর্য সেন চট্টগ্রামের অস্ত্রাগার লুণ্ঠন করে দেশবাসীকে বুঝিয়ে দিয়েছিলে ব্রিটিশদের বিরুদ্ধে সশস্ত্র সন্ত্রাসবাদী হামলা ছাড়া দেশ স্বাধীন করা যাবে না । তিনি প্রথমে গান্ধীজির সঙ্গে অহিংসা আন্দোলনে যুক্ত ছিলেন কিন্তু তিনি পরে বুঝতে পারেন যে গান্ধীজির নীতিতে দেশ স্বাধীন হবে না সেজন্য সহিংস সন্ত্রাসবাদী কার্যকলাপে যুক্ত হয়ে পড়েন ।

এখানে স্বাধীনতা সংগ্রামীদের সহিংস ধারা অবলম্বন করার একটাই উদ্দেশ্য ছিল নিজের দেশকে স্বাধীন করা । অপরদিকে জেহাদ (যাকে ইসলাম বিদ্বেষীরা সন্ত্রাসবাদ বলে) অর্থাৎ বর্তমানে শায়খ ওসামা বিন লাদেনের উদ্দেশ্য হল ইসলাম ধর্মকে আমেরিকার থাবা থেকে মুক্ত করা, মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদের উদ্দেশ্য হল আফগানিস্থান থেকে আমেরিকার সৈন্যদেরকে তাড়ানো, এর আগে আফগান মুজাহিদদের উদ্দেশ্য ছিল রাশিয়ার হাত থেকে আফগানিস্থানকে স্বাধীন করা । মাওলানা মাসউদ আযহারের উদ্দেশ্য হল কাশ্মীরকে ভারতের হাত থেকে স্বাধীন করা ।

সুতরাং স্বাধীনতা সংগ্রামীদের উদ্দেশ্য ও বর্তমান মুজাহিদদের উদ্দেশ্য একটাই। স্বাধীনতা সংগ্রামীদের উদ্দেশ্য ছিল দেশকে স্বাধীন করা আর মুজাহিদদের উদ্দেশ্য হল ইসলামকে বিপন্ন হতে মুক্ত করা। তাই আমার দৃষ্টিতে ক্ষুদিরাম বসু, প্রফুল্ল চাকী, নেতাজী সুভাষ চন্দ্র বসু, অরবিন্দ ঘোষ, মাওলানা আবুল কালাম আযাদ, ভগৎ সিং, শাহ ইসমাইল শহীদ দেহলবী (রহঃ), সৈয়দ আহমদ শহীদ ব্রেলভী (রহঃ), মাওলানা হসরৎ মোহানী, মাওলানা কাসেম নানুতুবী (রহঃ), হাজি ইমদাদুল্লাহ মুহাজিরে মক্কী (রহঃ), আল্লামা ফজলে হক খায়রাবাদী (রহঃ), মাওলানা হোসেন আহমদ মাদানী (রহঃ) প্রভৃতিদের মধ্যে শায়খ ওসামা বিন লাদেন (রহঃ), মোল্লা ওমর মুজাহিদ, আনওয়ার আলাওয়াকী (রহঃ), আইমান আল জাওয়াহিরী, বাইতুল্লাহ মাহমুদ এদের মধ্যে কোন পার্থক্য নেই। স্বাধীনতা সংগ্রামীরা যেরকম দেশকে স্বাধীন করার জন্য গোলা বারুদ হাতে তুলে নিয়েছিলেন ঠিক তেমনি বর্তমান যুগের মুজাহিদরা ইসলামকে যুগের দাজ্জালের হাত থেকে বাঁচাবার জন্য গোলা বারুদ হাতে তুলে নিয়েছেন। সকলের উদ্দেশ্য নিজেদের জায়গায় ঠিক।

এই প্রসঙ্গে সাংবাদিক জয়ন্ত সিংহ লিখেছেন, "আল কায়দার সন্ত্রাস এবং ভারতের স্বাধীনতা সংগ্রামের সহিংসবাদী ধারার সন্ত্রাসের আসমান জমিন পার্থক্য রয়েছে। ...... ভারতের স্বাধীনতা সংগ্রামের সহিংসবাদী ধারা - অর্থাৎ এইসব বিপ্লবী সমিতিগুলি যে সন্ত্রাস প্রয়োগ করেছে তাই-ই একমাত্র মাধ্যম ছিল না। আগাগোড়া এরা সন্ত্রাস চালিয়ে যাওয়াকেই মুখ্য মনে করেন নি। তাই এরা সন্ত্রাসবাদী সংজ্ঞায় অভিহিত হন না। যদিও এই লেখক মনে করেন চাপেকর ভাইদের এক ইংরেজকে হত্যা মাওবাদীদের কোনও পুলিশকে হত্যা অথবা ধানুর রাজীব গান্ধীকে হত্যা - তিনটি কাজের মধ্যে চরিত্রগত কোনও পার্থক্য নেই। তিনটিই ব্যাক্তি হত্যার লাইন। আল কায়েদার দৃষ্টান্ত এখানে আসে না। কারণ ওরা ব্যাক্তি হত্যা করে না। গণহত্যা করে ত্রাস ছড়ায়।" (সন্ত্রাস এত বাড়ছে কেন, পৃষ্ঠা - ৮১)

এখানে একটা কারণে শ্রী জয়ন্ত বাবুর কথা মেনে নিয়ে আল কায়দা গোষ্ঠীকে সন্ত্রাসবাদের কাঠগড়ায় খাড়া করা যায় না। কারণ আজ পর্যন্ত আল কায়দা গণহত্যা চালিয়েছে বলে কোন প্রমাণ পাওয়া যায় না। আর ২০০১ সালের ১১ই সেপ্টম্বর যে আল কায়দা তথা শায়খ ওসামা বিন লাদেন ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ধ্বংস করেনি তা এর আগে আমি প্রমাণ করার চেষ্টা করেছি। অপরদিকে শায়খ ওসামা বিন লাদেন নিজের পকেট থেকে পয়সা খরচা করে আফগান জিহাদে অংশগ্রহন করে সেখান থেকে রাশিয়ান সৈন্যদের পরাজিত করে আফগানিস্থানকে স্বাধীনতার মুখ দেখান, ফিলিপাইনের জিহাদে টাকা দিয়ে সাহায্য করেন, ইয়ামেনের জিহাদে সাহায্য করেন। আর রইল ব্যাক্তি হত্যা যখন ওসামা আফগানিস্থানের জিহাদের ছিলেন তখন তাঁর পয়সায় কেনা বন্দুকে আফগান মুজাহিদরা রাশিয়ার সৈন্যের বুকে গুলি চালিয়েছে। এটা কি কম বড় কথা ? আর মোল্লা মুহাম্মাদ ওমরের জিহাদ তো আফগানিস্থান স্বাধীন করার জন্য এবং আফগানিস্থানে ইসলামী হুকুমত বা শাসনতন্ত্র কায়েম করার জন্য। তাহলে ভারতের স্বাধীনতা সংগ্রাম ও আজকের যুগের মুজাহিদদের মধ্যে পার্থক্যটা কোথায় ? একটা সময় ছিল যখন স্বাধীনতা সংগ্রামীদেরকে ব্রিটিশ সাম্রাজ্যবাদ সন্ত্রাসবাদী বলে আখ্যায়িত করত। আর এই সাম্রাজ্যবাদী শক্তিগুলি আজ শায়খ ওসামা বিন

লাদেন, মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ, ড. শায়খ আইমান আল জাওয়াহিরী, আনওয়ার আলাওয়াকী প্রভৃতিদেরকে সন্ত্রাসবাদী বলে। তবে আমি আমাদের দেশের ও অন্যান্য দেশের লোকেদের একটি কথায় বলব যে যারা আজকে মুজাহিদ গোষ্ঠীগুলিকে সন্ত্রাসবাদী আখ্যায় আখ্যায়িত করছে তারা ব্রিটিশ সাম্রাজ্যবাদের উত্তরসূরী।

ইসলামে আত্মঘাতী বোমার বিধান

আত্মঘাতী বোমা (Suicide Bombings) হল নিজের শরীরে গ্রেনেড বেঁধে কোন স্থানে বিস্ফোরণ ঘটিয়ে নিজেকেসহ শত শত মানুষকে হত্যা করা। আমরা এখানে দেখব ইসলামে আত্মঘাতী ব্যাবহার করা জায়েয কি না? এই আত্মঘাতী বোমার ব্যাপারে আসল ফতোয়া হল, প্রয়োজনের খাতিরে আত্মঘাতী বোমা (Suicide Bombings) ব্যাবহার করা জায়েয। প্রয়োজনটা হল, নিজের দেশকে স্বাধীন করার জন্য বা ইসলাম বিপন্ন হলে যখন দেখা যাবে যে সরাসরি যুদ্ধ করে শত্রুপক্ষকে পরাজিত করা সম্ভব হচ্ছে না তখন আত্মঘাতী বোমা ব্যাবহার করে শত্রুপক্ষের ক্যাম্পে নিজের শরীরে গ্রেনেড বেঁধে প্রবেশ করে বিস্ফোরণ ঘটিয়ে একসঙ্গে শত শত শত্রু সৈন্যদের হত্যা ফলে শত্রুপক্ষ পরাজিত করা সম্ভব হয়। কেননা যাঁরা যোদ্ধা হন তাঁরা মৃত্যুকে ভয় পান না। আর অনেক সময় দেখা যায় যুদ্ধের ময়দানে শত্রুদের একটাও সৈন্য মরে না অথচ সংগ্রামীদের লোক মারা যায় বা শত্রুপক্ষ এক দুইজন মারা গেলেও সংগ্রামীদের অধিকসংখ্যক লোক মারা যায় ফলে আসল উদ্দেশ্যই পন্ড হয়ে যায়। যদি শরীরে আত্মঘাতী বোমা বেঁধে শত্রুদের মধ্যে ঝাঁপিয়ে পড়া যায় তাহলে এক সঙ্গে শত শত শত্রুর প্রাণনাশ করা সম্ভব। যুদ্ধ করতে গেলে শত্রুপক্ষ যে মারা যাবে সেটা অবশ্যম্ভাবী নয় কিন্তু আত্মঘাতী বোমাতে তা সম্ভব। সেইজন্য কিছু ক্ষেত্রে এইসব আত্মঘাতী বোমা (Suicide Bombings) ব্যাবহার করা জায়েয। যেমন প্রমোদ মুথালিক হিন্দুদের শ্রীরাম সেনারও প্রাধান। তিনি দাবী করেন তাঁর আত্মঘাতী সংগঠনে এই পর্যন্ত ১১৩২ জন হিন্দ নওজোয়ান আত্মঘাতী বোমা হিসাবে ভর্তী হয়েছে। শ্রীরাম সেনার আত্মঘাতী সংগঠনের এই বোমারুদেরকে ট্রেনিং দেওয়ার জন্য এবং মানসিকভাবে প্রস্তুত করার জন্য (Brain Washing) ম্যাঙ্গালোর, বেলগাঁও এবং সাম্মোগার মধ্যে গোপন ট্রেনিং ক্যাম্প লাগানো হয়েছে। (মিল্লী গ্যাজেট, নতুন দিল্লী, ১-১৫ নভেম্বর ২০০৮) যখন আফগানিস্থানে রাশিয়ার বিরুদ্ধে জিহাদ শুরু হয় তখন বালুচিস্তান ও সীমান্ত প্রদেশের প্রত্যন্ত এলাকায় আফগান মুজাহিদীনদের গেরিলা যুদ্ধ ও অস্ত্র চালনার প্রশিক্ষন দেওয়া হয়। আফাগানিস্তানে সোভিয়েত বাহিনীর বিরুদ্ধে যখন আফগান মুজাহিদীনগণ যুদ্ধ করেছিলেন তখন পাকিস্তানের প্রেসিডেন্ট পারভেজ মুশারফ একজন সেনা প্রধান হিসাবে মুজাহিদীন বাহিনীকে শিখিয়েছিলেন কিভাবে গেরিলা যুদ্ধ করেতে হয়। যখন গেরিলা যুদ্ধ শুরু হয় তখন আমেরিকা প্রয়োজনের অতিরিক্ত অস্ত্রশস্ত্র, গোলাবারুদ দিয়ে মুজাহিদীন বাহিনীকে সাহায্য করে। এই যুদ্ধে পাকিস্তানের প্রাক্তন সেনা অফিসাররাও শরিক হন। মুজাহিদীন গেরিলাগণ আফগানিস্তানের গ্রামে গ্রামে ছড়িয়ে পড়েন সোভিয়েত কামিউনিষ্ট বাহিনীদেরকে খতম করার জন্য। ছোট ছোট গ্রুপে তাঁরা দেশের সর্বত্র পৌঁছে যান। চলতে থাকে কমিউনিষ্টদের বিরুদ্ধে গেরিলা হামলা। মুজাহিদীন গেরিলাদের ছোঁড়া গ্রেনেডে ধ্বংস হতে থাকে অপ্রস্তুত সোভিয়েত সেনাদের ক্যাম্প, কনভয়। আফগান মুজাহিদদের আত্মঘাতী বাহিনী

আচমকা সোভিয়েত সেনাদের ঘাঁটিতে ঝাপিয়ে পড়েন । একজন আফগান গেরিলা নিজেদের তলপেটে টাইম বোমা বেঁধে সোভিয়েত বাহিনীর কনভয়ের সামনে ঝাঁপিয়ে পড়ে শাতাধিক রুশ সেনাকে মৃত্যুর ওপারে পাঠিয়ে দেন । এই গেরিলা আক্রমনের ফলে রুশ সেনাদের মধ্যে ত্রাহি ত্রাহি রব উঠে । আর আফগান মুজাহিদীনদের গ্রামের পর গ্রাম দখলে চলে আসে । সুতরাং আফগানিস্থানের মাটিতে স্বাধীনতা সংগ্রামের জন্য আত্মঘাতী বোমা (Suicide Bombings) ব্যাবহার করা প্রয়োজন ছিল তা না হলে তারা স্বাধীনতা অর্জন করতে পারত না । এইসব ক্ষেত্রে আত্মঘাতী বোমা ব্যাবহার করা জায়েয । তবে রাজনৈতিক প্রয়োজনের জন্য বা দেশে অশান্তি সৃষ্টি করার জন্য আত্মঘাতী বোমা ব্যাবহার করা জায়েয হবে না । কেননা এই ক্ষেত্রে দেখা যায় দেশে অশান্তি সৃষ্টি হয় এবং এই আত্মঘাতী বোমা (Suicide Bombings) ব্যাবহার করার ফলে শত শত নিরীহ মানুষ মারা যায় ।

বহু ক্ষেত্রে দেখা যায় যে সন্ত্রাসবাদীরা দেশের কোন রেলওয়ে ষ্টশনে, এয়ারপোর্টে, শপিং মলে বা যে কোন জনসমাগন স্থানে আত্মঘাতী বোমা বিস্ফোরণ ঘটিয়ে শত শত নিরীহ মানুষ হত্যা করে । এটা ইসলামে সম্পূর্ণ হারাম কেননা এই ক্ষেত্রে যারা মারা যায় তারা কেউ কোন অপরাধের অপরাধী থাকে না এবং এতে শিশু, নারী, বৃদ্ধ মানুষরাও মারা যায় । আর ইসলামের যুদ্ধেক্ষেত্রে শিশু, নারী, বৃদ্ধদেরকে হত্যা করতে নিষেধ করা হয়েছে তাহলে জনসমাগম স্থানে এদেরকে হত্যা করা কিভাবে জায়েয হতে পারে ? ইসলামে নিরীহ মানুষ হত্যা করা হারাম । আর অশান্তি সৃষ্টি বা ফিৎনা করার ব্যাপারে আল্লাহ বলেছেন, “লা তাবগিল ফাসাদা ফিল আরদ্বি ইন্নাল্লাহা লা ইউ হিব্বুল মুফসীদিন ।” অর্থাৎ “তোমরা পৃথিবীতে সন্ত্রাস সৃষ্টি করবে না কেননা সন্ত্রাস সৃষ্টিকারীদের আল্লাহ পছন্দ করেন না ।” তাহলে জনসমাগমে আত্মঘাতী বোমা ফাটিয়ে সন্ত্রাস সৃষ্টি করা কিভাবে জায়েয হতে পারে ? আল্লাহ আমাদের এই অশান্তি থেকে হেফাজত করুন ।

সর্বপ্রথম মুসলমানদেরকে সন্ত্রাসবাদী বলেছিল কে ?

সর্বপ্রথম মুসলমানদেরকে সন্ত্রাসবাদী বলেছিল নিজেকে খোদা হিসাবে দাবীদার বেইমান শয়তান মিশরের স্বৈরাচারী বাদশাহ ফিরআন । সে হযরত মুসা (আঃ) সন্ত্রাসবাদী বলেছিল কেননা হযরত মুসা (আঃ) ফিরআনকে খোদা হিসাবে মান্য করেন নি । তিনি মানুষকে এক আল্লাহর দিকে আহ্বান করেছিলেন । যেমন মহান আল্লাহপাক কুরআন শরীফে বলেছেন, “অতঃপর মুসা যখন আমার কাছ থেকে সত্যসহ তাদের কাছে পৌছাল; তখন তারা বলল, যারা তার সঙ্গী হয়ে বিশ্বাস স্থাপন করেছে, তাদের পুত্র সন্তানদেরকে হত্যা কর, আর তাদের নারীদেরকে জীবিত রাখ । কাফেরদের চক্রান্ত ব্যার্থই হয়েছে । ফিরআন বলল, তোমরা আমাকে ছাড়, মুসাকে হত্যা করতে দাও, ডাকুক সে তার পালনকর্তাকে ! আমি আশংকা করি যে, সে তোমাদের ধর্ম পরিবর্তন করে দেবে অথবা সে দেশময় বিপর্যয় (সন্ত্রাস) সৃষ্টি বরবে ।” (কুরআন শরীফ, সুরা মুমিন, আয়াত ২৫-২৬)

সুতরাং মুসলমানদেরকে সর্বপ্রথম সন্ত্রাসবাদী বলেছিল মিশরের কুখ্যাত স্বৈরাচারী বাদশাহ ফিরআন । কারণ হযরত মুসা (আঃ) আল্লাহর দ্বীনকে বুলন্দ করার জন্য এবং বাদশাহ ফিরআনের মিথ্যা খোদাই দাবীকে চুর্ণ করার জন্য বাদশাহর বিরুদ্ধে জিহাদ ঘোষনা করেছিলেন । আর এদিকে দেখা যায় যেসব মর্দে মুজাহিদ স্বৈরাচারী শাসকদের বিরুদ্ধে জিহাদ ঘোষনা করেন সেইসব মুজাহিদদেকেও সন্ত্রাসবাদী বা 'জঙ্গি' বলে গালিগালাজ করা হয় । আজকের যুগে শায়খ ওসামা বিন লাদেন, ড. শায়খ আইমান আল জাওয়াহিরী, মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ প্রভৃতিরা আমেরিকার স্বৈরাচারকে মেনে নেন নি এবং তাদের বিরুদ্ধে জিহাদ ঘোষনা করার জন্য তাদেরকে সন্ত্রাসবাদী আখ্যায় আখ্যায়িত করেছে । অর্থাৎ যে বুলি সর্বপ্রথম ফিরআন হযরত মুসা (আঃ) এর বিরুদ্ধে আওড়িয়েছিল সেই বুলি আজ আমেরিকা ও তার পোষ্যপুত্ররা আওড়াচ্ছে এবং মুজাহিদীনদেরকে সন্ত্রাসবাদী বলে গালিগালাজ করছে । হযরত মুসা (আঃ) এর জামানায় ফিরআন তো কেবলমাত্র পুত্রসন্তানদেরকে হত্যা কারার নির্দেশ দিয়েছিল এবং কন্যাসন্তানদেরকে ছেড়ে দেওয়ার নির্দেশ দিয়েছিল কিন্তু আজকের যুগের ফিরআনরা কোন শিশু সন্তানকে মুক্তি দেয়না তারা নির্বিচারে টন টন বোমা ফেলে শিশুদেরকেও হত্যা করে । এই যুগের ফিরআন বুশ যে ইরাকে ৫০,০০০ শিশু হত্যা করেছে এটা তার প্রকৃষ্ট প্রমাণ । আজকের যুগের ফিরআনরা তো আসল ফিরআনের থেকে বেশী ভয়ঙ্কর । আফগান যুদ্ধের সময় ২০০১ সালে এই আমেরিকা ড. শায়খ আইমান আল জাওয়াহিরীর স্ত্রী ও কন্যা সন্তানকে হত্যা করে দেখিয়ে দিয়েছে যে তারা কম বড় ফিরআন নয় । যারা শায়খ ওসামা বিন লাদেন, ড. শায়খ আইমান আল জাওয়াহিরী, মোল্লা মুহাম্মাদ ওমর মুজাহিদ প্রভৃতি মুজাহিদীনদেরকে যার সন্ত্রাসবাদী বলে তারা মিশরের স্বৈরাচারী বাদশাহ ফিরআনের উত্তরসূরী । আর আমাদের দেশের যারা বুশের বাচ্চা বুশকে সমর্থন করে তারা আবু জেহেল ও আবু লাহাবের উত্তরসূরী ।

কাশ্মীরকে আযাদ করা হোক

কাশ্মীরকে বলা হয় 'সুইটজারল্যান্ড অফ দ্য ইস্ট' । বিখ্যাত পর্যটক তাভার্নিয়ে বলেছিলেন, "কাশ্মীর হল প্যারাডাইস অফ ইন্ডিটা ।" অর্থাৎ ভারতের ভূস্বর্গ কাশ্মীর । কাশ্মীরের সৌন্দর্য্য সবাইকে মুগ্ধ করে । বিখ্যাত পন্ডিত কলহন 'রাজতরঙ্গিনী'র ভূমিকায় লিখেছেন, "কাশ্মীর এমন এক দেশ যেখানে সূর্যের আলো মোহময় এবং নরম । উঁচু পাহাড়ের চুড়ায় ? এমন জ্ঞানভান্ডার, গেরুয়া রঙের বরফঠান্ডা জল আর রসালো আঙুর যেগুলি স্বর্গেও বিরল, এখানে তো সর্বত্র পাওয়া যায় ।" সেই কাশ্মীরে আজ সর্বত্র বারুদের গন্ধ । কোথায় মুজাহিদদের গুলির আওয়াজ আবার কোথাও ভারতীয় মিলিটারীদের গুলির আওয়াজ । আজ ভূস্বর্গ কাশ্মীর যেন জাহান্নামের আগুনে পরিণত হয়ে গেছে । কেন ? এর পিছনেও রয়েছে সাম্রাজ্যবাদী ইংরেজদের চক্রান্ত ।

ভারত যখন ভাগ হয়েছিল তখন হিন্দু মুসলিমের ধর্মের ভিত্তিতেই ভাগ হয়েছিল । কিন্তু কাশ্মীরে ৭৫ শতাংস মুসমান থাকা সত্বেও কেন ভারতের অন্তর্ভুক্ত করা হল ? কারণ ইংরেজরা চেয়েছিল কাশ্মীরের কিছুটা অংশ পাকিস্তানে চলে যাক আর কিছুটা অংশ ভারতে

থেকে যাক । ফলে এক তৃতিয়াংশ কাশ্মীর পাকিস্তানের অধীনে চলে যায় এবং বাকিটা ভারতের অধীনা থাকুক যাতে ভারত-পাকিস্তানের দ্বন্দ চিরদিন জিইয়ে থাকে । ভারত যখন ভাগ হয় তখন কাশ্মীরের রাজা ছিলেন হরি সিং । দেশ ভাগ হবার সময় কাশ্মীরের সব রাজারা দলে দলে কেও পাকিস্তানে কেও ভারতে যোগ দেন কিন্তু রাজা হরি সিং পাকিস্তানে যোগ দিতে অসম্মতি জ্ঞাপন করেন কারন তিনি বুঝতে পারেন এতে তাঁর লাভের পরিবর্তে ক্ষতিই হবে । এর আগে রাজা হরি সিংকে লর্ড মাউন্টব্যাটেন বলেছিলেন, ‘‘রাজারা সবাই একে একে ভারতে অথবা পাকিস্তানের যোগ দিচ্ছে । আপনি কি করবেন ? আমার মনে হয়, আপনার উচিৎ পাকিস্তানে যোগ দেওয়া ।’’ সেদিন রাজা হরি সিং লর্ড মাউন্টব্যাটেনের কথা শুনে স্তম্ভিত হয়ে গিয়েছিলেন । দ্বিতীয়বার লর্ড মাউন্টব্যাটেন মহারাজা হরি সিংকে এই কথা মনে করিয়ে দেবার সময় হরি সিং আর হ্যাঁ বা না কিছুই বলেন নি । তিনি সিদ্ধান্ত নিতে দেরি করেছিলেন কারণ তিনি বিচক্ষণ জানতেন যে কাশ্মীর মুসলিম প্রধান এলাকা । তাই তড়িঘড়ি সিদ্ধান্ত নেওয়া যাবে না ।

১৯৪৭ সালের ২২ অক্টোবর হঠাৎ একদিন রাতে সশস্ত্র সেনা পাঠিয়ে পাকিস্তান কাশ্মীরের কিছুটা অংশ দখল করে নেয় এবং মেজর জেনারেল আকবর খানের নেতৃত্বে্যে পাক সেনারা সহজেই মহারাজা হরি সিংয়ের সেনাদের কব্জা করে ফেলে । এরপর পাক সেনারা শ্রীনগরে ঢুকে পাকিস্তানের পতাকা উঁচিয়ে দিল । তখন ভারতীয় সেনাবাহিনীর অধ্যক্ষ পাকিস্তানের দখলকৃত কাশ্মীর পুনরায় দখল করার জন্য মাত্র ২৪ ঘন্টার সময় চেয়েছিল কিন্তু নেহরু বলেছিলেন, ‘‘আপনি নির্দেশ দিলে ২৪ ঘন্টার মধ্যে পাক সেনাদের তাড়িয়ে উল্টো পাকিস্তানের কিছু অংশ দখল করে নেব ।’’ কিন্তু লর্ড মাউন্টব্যাটেন নেহরুকে পাকিস্তানের দ্বারা অধিকৃত কাশ্মীরকে পুনরায় দখল করতে বাধা দিলেন । নেহরুও অসহায় হয়ে চুপচাপ বসে রইলেন । এদিকে হরি সিং অসহায় হয়ে ভারতের কাছে সাহায্যের জন্য অবেদন করছিলেন । এরপর ১৯৪৭ সালের ২৬ অক্টোবর তৎকালীন কাশ্মীরের প্রধান মন্ত্রী মেহেরচাঁদ মহাজনের সঙ্গে চুক্তি সম্পাদন করে কাশ্মীরকে ভারতের অধীনে করে নেন । এদিকে ২৭শে অক্টোবর ভোরেই ভারতীয় সেনাবাহিনী শ্রীনগর দখল করার জন্য অভিযান চালায় এবং ভারতীয় সেনাবাহিনীদের প্রতিঘাতে পাক সেনারা পালিয়ে যায় । এরপর ভাতরতীয় সেনারা বারমুলা দখল করে নিয়ে পুরো কাশ্মীর দখলের জন্য এগিয়ে যাচ্ছিল তখনই লর্ড মাউন্টব্যাটেন নেহরুকে তা অধিগ্রহণ করতে বাধা দিলেন । নেহরুও বিভ্রান্ত হয়ে সেনাদের আর এগোতে নিষেধ করলেন । ফলে জম্মু-কাশ্মীরের এক তৃতীয়াংশ পাকিস্তানের দখলে রয়ে গেল এবং বাকিটা ভারতের অধিনে রয়ে গেল । এই এক তৃতীয়াংশ কাশ্মীরকে পাকিস্তানের লোকেরা বলে ‘আযাদ কাশ্মীর’ ।

এখানে একটা জিনিষ লক্ষ্যনীয় যে সেদিন যদি লর্ড মাউন্টব্যাটেন নেহরুকে পুরো কাশ্মীর দখল করতে বাধা না দিতন তাহলে পুরো কাশ্মীর ভারতের অধীনে চলে আসতো । কিন্তু লর্ড মাউন্টব্যাটেন তথা ব্রিটিশরা চেয়েছিলেন কাশ্মীর নিয়ে ভারত-পাকিস্তানের মধ্যে একটা দ্বন্দ যাতে চিরদিন জিইয়ে থাকে । আর হলও তাই ।

এর পরে পন্ডিত নেহেরু লর্ড মাউন্টব্যাটেনের পরামর্শে আর সেনা অভিযান না চালিয়ে সরাসরি রাষ্ট্রসংঘকে নালিশ জানালেন । ফলে বিষয়টি আর দুই দেশের মধ্যে সীমাবদ্ধ রইল না বিষয়টি তখন আন্তর্জাতিক হয়ে গেল । এর আগে গান্ধীজি পন্ডিত নেহরুকে বলেছিলেন "Don't accept Mountbatan. We should kick out the occupiers from the Kashmir" কিন্তু নেহরু তা মানতে অস্বীকার করেন এবং রাষ্ট্রসংঘের কাছে নালিশ জানালেন । এই আবেদনের ফলে রাষ্ট্রসংঘ কমিশন গড়ল এবং সেই কমিশন যুক্তি দিল, কাশ্মীরের অধীকাংশ লোকই মুসলমান । তাই এই ভূখন্ড পাকিস্তানেই যাওয়া উচিৎ । কিন্তু নেহরু সেটা আর মানলেন না তিনি তিনি রাষ্ট্রসংঘ ও ব্রিটেনের উপর ক্ষুব্ধ হয়ে তাঁর বোন মস্কোর দুত বিজয়লক্ষ্মী পন্ডিতকে ১৯৪৮ সালের এক চিঠিতে লিখলেন, "The United State end great Britain have played a dirty role, the Great Britain probably being the chief actor behind the sins." রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ পাকিস্তানকে প্রকাশ্যেই সমর্থন করে এবং যৌথ সরকার গঠনন করার প্রস্তাব দেয় । ব্রিটিশ অফিসাররা কাশ্মীরে হানা দেওয়ার জন্য মদদ করতে থাকেন । এবং পরে ভারত-পাকিস্তান যুদ্ধ শুরু হয় । এরপর রাষ্ট্রসংঘের নিরাপত্তাপরিষদ বলে, কাশ্মীরে এখন যুদ্ধবিরতি হবে, কাশ্মীর থেকে ভারত এবং পাকিস্তান উভয় দেশ সেনা সরিয়ে নেবে তারপর গণভোট হবে । পাকিস্তান প্রতিশ্রুতি নিয়ে গণভোটে রাজি হয়ে যায় কিন্তু ভারতের প্রধানমন্ত্রী নেহেরু গণভোটে রাজী হন নি । তিনি বলেন ১৯৫২ সালে বলেন, "কাশ্মীরে গণভোট নেওয়ার কোনও প্রয়োজন নেই ।" কারণ তিনি জানতেন গণভোট হলে কাশ্মীর পাকিস্তানের অধীনেই চলে যাবে । ভারত থেকে ভূস্বর্গ হাতছাড়া হয়ে যাবে । তাই তিনি এমন ব্যাবস্থা করেন যাতে ১৯৫০ সালের ২৬ জানুয়ারী যখন ভারতের সংবিধান রচনা করা হয় তখন থেকেই সেই সংবিধানে ৩৭০ অনুচ্ছেদ মোতাবেক কাশ্মীরকে এমন কিছু বিশেষ সুযোগ সুবিধা দেওয়া হয় যা এখনও কাশ্মীরিরা ভোগ করতে থাকে । অর্থাৎ সুযোগ সুবিধার লোভ দেখিয়ে কাশ্মীরি জনগণকে ভারতের দিকে টেনে আনা হয় ।

এখানে আমার বক্তব্য হল, পন্ডিত নেহেরু নিজেই কাশ্মীর সমস্যাকে রাষ্ট্রসংঘের হাতে অর্পন করেন যখন রাষ্ট্রসংঘ কাশ্মীরকে পাকিস্তানের অধিকার বলে ঘোষনা করলেন তখন নেহেরু তা মানতে অস্বীকার করলেন কেন ? যদি রাষ্ট্রসংঘের আদেশ না মানাই তাঁর নীতি ছিল তাহলে এই সমস্যাকে রাষ্ট্রসংঘের হাতে অর্পন করে ব্যাপারটিকে আন্তর্জাতিক বানাতে গেলেন কেন ? এতে কি আন্তর্জাতিক মহলে ভারতের ভাবমুর্তী ক্ষুন্ন হল না ? পরে যখন রাষ্ট্রসংঘ থেকে বলা হল কাশ্মীরে গণভোট হবে, সেই যুক্তিও কেন নেহেরু মেনে নেন নি ? যদি মেনে নিতেন তাহলে এত দিনের কাশ্মীর সমস্যা হয়তো মিটে যেত । আমি এখানে পাকিস্তানের স্বপক্ষে কোন বক্তব্য পেশ করছিনা । যুক্তি পূর্ণ কথা হল, যদি গণভোট হত তাহলে কি এমন ক্ষতি হয়ে যেত ?

কাশ্মীর সমস্যার সমাধানের ব্যাপারে এখানে বক্তব্য হল, কাশ্মীরে গণভোট হোক । এখানে তিনটি ব্যাপারে ভোট হওয়া উচিৎ । (১) কাশ্মীর ভারতের অধীনে থাকবে, (২) কাশ্মীর পাকিস্তানের অধীনে থাকবে এবং (৩) কাশ্মীর একটি স্বাধীন স্বতন্ত্র দেশ হিসাবে প্রতিষ্ঠিত হবে । এই তিনটি বিষয়ে কাশ্মীরে গণভোট হওয়া উচিৎ । কাশ্মীর জনগণ যদি

ভারতের পক্ষে বেশি ভোট দেয় তাহলে কাশ্মীর ভারতের অধীনে থাকবে আর যে কাশ্মীরের অংশ পাকিস্তানের অধীনে আছে তা পাকিস্তানকে ভারতকে ছেড়ে দিতে হবে, যদি পাকিস্তানের পক্ষে ভোট দেয় তাহলে কাশ্মীর পাকিস্তানের অধীনে চলে যাবে আর কশ্মীরের যে অংশ ভারতের অধীনে আছে তা ভারতকে পাকিস্তানকে ছেড়ে দিতে হবে । আর যদি গণভোটে দেখা যায় যে কাশ্মীরি জনগণ স্বাধীন রাষ্ট্র হিসাবে কাশ্মীরকে দেখতে চায়ছেন তাহলে পাকিস্তানে অধীকৃত কাশ্মীর পাকিস্তান ছেড়ে দিবে, ভারতের অধীকৃত কাশ্মীর ভারত ছেড়ে দিবে । এই দুই কাশ্মীর নিয়ে গঠিত হবে স্বাধীন কাশ্মীর দেশ । তাহলেই কাশ্মীর সমাস্যার সমাধান হয়ে যাবে বলে আমার ধারণা ।

তবে আমার কাছে অধীক যুক্তিযুক্ত মতামত হল, কাশ্মীরকে স্বাধীন রাষ্ট্র হিসাবে ঘোষিত করা হোক এবং পাকিস্তানও নিজের অংশ ছেড়ে দিক এবং ভারতও নিজের অংশ ছেড়ে দিক । তাহলেই কাশ্মীর আযাদের আন্দোলন বন্ধ হবে । কাশ্মীরে সন্ত্রাসবাদী হামলাও বন্ধ হয়ে যাবে । এই ক্ষেত্রে ভারত ও পাকিস্তান উভয় দেশ মিলে যারা কাশ্মীরকে আযাদ করার আন্দোলন করছেন তাদেরকে নিয়ে আলোচনায় বসতে হবে । কিন্তু কথা হল উদ্যোগটা নেবে কে ? দুই দেশের রাজনৈতিক নেতারাই তো কাশ্মীরকে নিয়ে রাজনীতির জঘন্য খেলায় মাতোয়ারা ।

পরিশিষ্ট : ১

পুর্বপুরুষের ঘরে প্রত্যাবর্তন

ভারতের বর্তমান অবস্থা খুবই খারাপ । আর. এস. এস ও বজরঙ্গ দলের লোকেরা জোর জবরদস্তি করে ১০০ টি মুসলিম পরিবারকে হিন্দু ধর্মে রুপান্তরিত করেছিল । কিন্তু আল্লাহর রহমত যে তারা আবার স্বধর্মে ফিরে এসেছে । তারা স্বেচ্ছায় হিন্দু ধর্ম গ্রহণ করেনি । হিন্দুত্ববাদীদের তরবারীর ভয়ে তারা হিন্দুধর্ম গ্রহণ করেছিল । কিন্তু ইসলামে জোর জবরদস্তি করে কাউকে ইসলাম ধর্মে রুপান্তরিত করা হারাম এবং প্রাণের ভয়ে কেউ যদি ইসলাম ধর্ম গ্রহণ করে তাহলে তাকে মুসলমান বলা যাবে না কেননা তার অন্তরে ইমান থাকবে না । আর আল্লাহ বলেছেন, 'লা-ইক রাহা ফিদ্দিন' অর্থাৎ ধর্মে কোন জোর জবরদস্তি নেই । ইসলামের ইতিহাস পাঠ করলেই বোঝা যায় যারা ইসলাম ধর্ম গ্রহণ করেছেন তাঁরা স্বেচ্ছায় অনুপ্রাণিত হয়েই ইসলাম গ্রহণ করেছিলেন । যেমন মানবেন্দ্র নাথ রায় বলেছেন, "এক আল্লাহর একনিষ্ঠ সেবকদের কাছে জরথ্রুস্টের প্রাচীন ধর্ম আর তার 'ভালো' 'মন্দের' চিরন্তন সংঘর্ষমূলক মারাত্মক দৈত্যনীতি বিশেষ অপ্রীতিকর ছিলো । তবুও বিজয়ী আরবদের সহনসীলতা থেকে উক্ত মতবাদে বিশ্বাসী পারসীরা একেবারে বঞ্চিত হয়নি । হিজরীর তৃতীয় শতাব্দীতেও সাধারণ মসজিদের পাশে অগ্নি দেবতার প্রাচীন মন্দির জাঁকজমকের সঙ্গেই সোভা পেয়ে এসেছে । ইসলামের তলোয়ারের আক্রমণে প্রাচীন ধর্ম - বিশ্বাসের উপরে প্রতিষ্ঠিত এই মন্দির চুড়া ধ্বংস হয়নি । ধ্বংস ও অবলুপ্তি হয়েছিল তার পুজারী ও উপাসকদের মন্দির ত্যাগের দরুনই । টাইগ্রিস থেকে ওক্রাস পর্যন্ত এই বিশাল ভূখন্ডের অধীবাসি পারসীরা যে বিস্ময়কর তৎপরতার সঙ্গে বিনা দ্বিধায় যেভাবে তাদের আবহমানকালের ধর্মবিশ্বাস ছেড়ে এই

বিজয়ীদের (মুসলমানদের) ধর্ম গ্রহণ করেছে, কোন রকমের বলপ্রয়োগের দ্বারা তা সম্ভবপর হতো না ।”

মানবেন্দ্রনাথ রায় আরও বলেছেন, “আরবের উন্নতি এবং প্রসার একমাত্র তলোয়ারের দ্বারা সম্ভব হয়েছিল - এ ধারণা একেবারেই ভ্রান্ত । তরবারী একটা জাতীয় জীবনে স্বীকৃত মতবাদ হয়তো বদলে দিতে পারে কিন্তু একথা খুবই সত্য, তা কোনদিনই মানুষের বিবেক বুদ্ধিকে প্রভাবিত করতে পারে না ।”

মানবেন্দ্রনাথ রায় তাঁর পুস্তকে আরও বলেছেন, “সকল কালের যুগান্ত প্রবাহিত ধর্মের মানদন্ডে বিচার করলে দেখা যাবে, যারা সেই যুগসঙ্কটে ইসলাম গ্রহণ করেছে তারাই ছিল সবার চেয়ে বড় ধার্মিক ।” (Historical Role of Islam. By M. N. Roy)

সুতরাং ইসলামের প্রসার জোর জবরদস্তিতে হয়নি । জোর জবরদস্তি করে ইসলামের প্রসার হলে নতুন মুসলমান সবচেয়ে বড় ধার্মিক হতেন না । (বিস্তারিত জানতে পড়ুন মৎপ্রণীত ‘ইসলাম কি তরবারীর জোরে প্রসারিত হয়েছে ?’)

